



Daily Monitoring Report

Directorate of Monitoring
Bangladesh Betar, Dhaka
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 05, 1432 Bangla, February 18, 2026, Wednesday, No. 49, 56th year

H I G H L I G H T S

BNP has formed the govt following the winning in the 13th National Election. Tarique Rahman has been unanimously elected leader of the parliamentary party in the 13th Jatiya Sangsad & the Prime Minister.

(BBC: 03)

President Mohammed Shahabuddin has administered the oath of office to Tarique Rahman and his new ministers at the South Plaza of the National Parliament Complex.

(BBC: 04)

CEC AMM Nasir Uddin has administered the oath of office to the newly elected members of parliament in the 13th National Election at the Oath Taking Room of Sangsad Bhavan.

(BBC: 06)

Shafiqur Rahman, the ameer of Bangladesh Jamaat-e-Islami, has been elected as the leader of the opposition in the parliament and NCP Convener Nahid Islam the opposition chief whip.

(Jago News: 16)

New PM Tarique Rahman will assume office at the Secretariat today. On the first working day, he is scheduled to hold a special meeting with members of the cabinet and exchange views with secretaries.

(Jago News: 16)

The former security adviser of the interim govt, Dr. Khalilur Rahman, has been given the responsibility of the Ministry of Foreign Affairs of the newly formed BNP-led govt.

(BBC: 04)

Uncertainty has arisen regarding the Constitutional Reform Council as the BNP's newly elected parliament members did not take the oath as members of the Council.

(BBC: 09)

A writ petition has been filed with the High Court challenging the legality of the referendum held on February 12 and seeking the cancellation of the results announced on February 13.

(Jago News: 16)

BNP SG & the Minister of Local Govt, Rural Development & Cooperatives Mirza Fakhru Islam Alamgir has said Bangladesh's relations with India will not be "held captive" over the issue of Sheikh Hasina.

(DW: 14)

Shafiqur Rahman, the ameer of Bangladesh Jamaat-e-Islami has called for keeping the prices of all essential commodities within the purchasing power of the common people during Ramadan.

(Jago FM: 18)

Director: 44813046

**Deputy News Controller: 44813048
44813179**

**Assistant News Controller: 44813047
44813178**

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
ফাল্গুন ০৫, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ১৮, ২০২৬, বুধবার, নং- ৪৯, ৫৬তম বছর

শিরোনাম

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী হয়ে বিএনপি সরকার গঠন করেছে। তারেক রহমান সর্বসম্মতিক্রমে সংসদনেতা ও প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত। (বিবিসি: ০৩)

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন জাতীয় সংসদ কমপ্লেক্সের দক্ষিণ প্লাজায় তারেক রহমান এবং তাঁর নতুন মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান। (বিবিসি: ০৪)

প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন সংসদ ভবনের শপথ গ্রহণ কক্ষে ১৩তম জাতীয় নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ বাক্য পাঠ করান। (বিবিসি: ০৬)

ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা হচ্ছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান এবং বিরোধীদলীয় চিফ হুইপ করা হয়েছে এনসিপি-এর আহ্বায়ক নাহিদ ইসলামকে। (জাগো এফএম: ১৬)

নতুন সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান আজ সচিবালয়ে দায়িত্ব গ্রহণ করবেন। প্রথম কর্মদিবসে তিনি মন্ত্রিসভার সদস্যদের সাথে একটি বিশেষ বৈঠক করবেন এবং সচিবদের সাথে মতবিনিময় করবেন। (জাগো এফএম: ১৬)

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে বিএনপি সরকারের পররাষ্ট্র মন্ত্রীর দায়িত্ব প্রদান করা হয়েছে। (বিবিসি: ০৪)

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী বিএনপি দলীয় সাংসদরা সংবিধান সংস্কার পরিষদের শপথ না নেওয়ায় অনিশ্চয়তা তৈরি হয়েছে সংবিধান সংস্কার পরিষদ নিয়ে। (বিবিসি: ০৯)

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা চ্যালেঞ্জ ও ১৩ ফেব্রুয়ারি ঘোষিত গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। (জাগো এফএম: ১৬)

বিএনপি মহাসচিব ও নবগঠিত মন্ত্রিসভার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, শেখ হাসিনার ভারতে অবস্থান ইস্যুতে বাংলাদেশ-ভারতের সম্পর্ক আটকে থাকবে না। (ডয়েচে ভেলে: ১৪)

রমজানে নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার আহ্বান জানিয়েছেন জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। (জাগো এফএম: ১৮)

বিবিসি

সংসদ নেতা ও প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন তারেক রহমান

তারেক রহমানকে সর্বসম্মতিক্রমে সংসদনেতা ও প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত করেছেন বিএনপির সংসদ সদস্যরা। আজ সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার পর বেলা ১১টা ৩০ মিনিটে বিএনপির সংসদীয় দলের বৈঠক হয়। বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় এই সভা। এসময় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করায়, তারেক রহমানকে সর্বসম্মতিতে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত করা হয়। বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে এইটি পোস্টে এই তথ্য জানানো হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন চীনের প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছেন চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং। বাংলাদেশের নতুন সরকারের প্রতি বেইজিংয়ের সমর্থনও পুনর্ব্যক্ত করেছেন তিনি। মঙ্গলবার চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে এই শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশ সংবাদ সংস্থা। এছাড়া, প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নতুন সরকারের শপথ উপলক্ষ্যে বাংলাদেশে সফররত বিভিন্ন দেশের নেতারাও। মি. রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন পাকিস্তানের পরিকল্পনা, উন্নয়ন ও বিশেষ উদ্যোগ বিষয়ক মন্ত্রী আহসান ইকবাল চৌধুরী, নেপালের পররাষ্ট্রমন্ত্রী বাল্য নন্দা শর্মা এবং শ্রীলঙ্কার স্বাস্থ্য ও গণমাধ্যম মন্ত্রী ড. নালিন্দা জয়াতিষা। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

তারেক রহমানকে প্রধানমন্ত্রী ঘোষণা করে গেজেট প্রকাশ

তারেক রহমানকে প্রধানমন্ত্রী ঘোষণা করে গেজেট প্রকাশ করা হয়েছে। সেখানে বলা হয়েছে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী, রাষ্ট্রপতি অদ্য মঙ্গলবার, ৪ ফাল্গুন ১৪৩২/১৭ ফেব্রুয়ারি ২০২৬, জনাব তারেক রহমানকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী পদে নিয়োগদান করেছেন। রাষ্ট্রপতির আদেশক্রমে মন্ত্রিপরিষদ সচিব প্রজ্ঞাপনে স্বাক্ষর করেছেন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

সংসদে বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান, হুইপ নাহিদ ইসলাম

ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা হচ্ছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান, উপনেতা দলটির নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের এবং বিরোধীদলীয় চিফ হুইপ করা হয়েছে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি এর আহ্বায়ক নাহিদ ইসলামকে। মঙ্গলবার সন্ধ্যায় বিবিসি বাংলাকে বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের। তিনি জানান, সংসদ সদস্যদের শপথ গ্রহণ শেষে সংসদীয় দলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে, বেলা সাড়ে ১২টার দিকে জামায়াত, এনসিপি এবং স্বতন্ত্র সংসদ সদস্যরা শপথ নেন। জাতীয় সংসদের পাশাপাশি সংবিধান সংস্কার পরিষদেরও শপথ নেন ১১-দলীয় নির্বাচনি ঐক্যের সংসদ সদস্যরা।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

মন্ত্রিসভায় খলিলুর রহমানের যোগদান ‘ইঞ্জিনিয়ারিং’-এর প্রমাণ : নাহিদ ইসলাম

নতুন সরকারের মন্ত্রিসভায় খলিলুর রহমানের যোগ দেওয়ার মধ্যদিয়ে সংবিধান সংস্কারের বিষয়টি নিয়ে যে ‘ইঞ্জিনিয়ারিং’ হয়েছে, সেটি জাতির সামনে উঠে এসেছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার জাতীয় সংসদ এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়ার পর এসব কথা বলেছেন তিনি। মি. ইসলাম বলেন, সংবিধান সংস্কার পরিষদে শপথ না নেওয়ার মধ্যদিয়ে, সরকার গঠনের প্রথম দিনেই প্রতিশ্রুতি ভঙ্গ করা হয়েছে। “এটা কেবল রাজনৈতিক প্রতিশ্রুতি ভঙ্গ করাই নয়, এর মধ্যদিয়ে আইনি সংকট এবং জটিলতা তৈরি করেছে,” বলেও মন্তব্য করেন তিনি। সংবিধান সংস্কার আদেশে সই করে গণভোটে অংশ নিলেও এখন বিএনপি যে ব্যাখ্যা দিচ্ছে, সেটি গ্রহণযোগ্য নয় বলেও মন্তব্য করেন নাহিদ ইসলাম। এছাড়া, অন্তর্বর্তীকালীন সরকারের সময় নিরাপত্তা বিষয়ক উপদেষ্টার দায়িত্বে থাকা খলিলুর রহমানের বিএনপি সরকারে যোগদান নৈতিক নয় বলে মন্তব্য করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

শুষ্কমুক্ত গাড়ি ও সরকারি প্লট নেবেন না বিএনপির এমপিরা

বিএনপির সংসদীয় দলের প্রথম সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিএনপির কোনো সংসদ সদস্য শুষ্কমুক্ত বা ডিউটি-ফ্রি গাড়ি নেবেন না। একইসঙ্গে তারা সরকারি বরাদ্দে কোনো প্লটও নেবেন না। দলটির ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া একটি পোস্টে এই তথ্য জানানো হয়। প্রসঙ্গত, মঙ্গলবার সকাল পৌনে ১১টায় বিএনপির নতুন এমপিরা শপথ নিয়েছেন। পরে বেলা ১১টা ৩০ মিনিটে বিএনপির সংসদীয় দলের বৈঠক হয়। সেখানে বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত করেছেন বিএনপির সংসদ সদস্যরা।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

বিএনপি সরকারের মন্ত্রিপরিষদে থাকছেন খলিলুর রহমান

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে বিএনপি সরকারের নতুন মন্ত্রিসভায় রাখা হচ্ছে। খলিলুর রহমানের ঘনিষ্ঠ একটি সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। তাকে পররাষ্ট্রমন্ত্রী করা হতে পারে বলেও জানিয়েছে সূত্রটি। তিনি ২০২৪ সালের নভেম্বরে প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ হিসেবে নিয়োগ পান। পরে ২০২৫ সালের এপ্রিলে তাকে প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা করা হয়। সম্প্রতি যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি করার ক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন তারেক রহমান

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছে বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশ আসনে জয়ী হয়ে বিএনপি আজ সরকার গঠন করেছে। প্রধানমন্ত্রীর শপথ পড়ান বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার পতনের পর অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার ১৮ মাস পর নির্বাচনের মাধ্যমে গঠিত হলো এই সরকার। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

নতুন মন্ত্রিসভায় কে কোন মন্ত্রণালয় পাচ্ছেন?

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কে কোন মন্ত্রণালয় পাচ্ছেন, তার একটি তালিকা দিয়েছে বিএনপি। তালিকায় দেখা গেছে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব পাচ্ছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্ব যাচ্ছে আমির খসরু মাহমুদ চৌধুরীর হাতে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেওয়া হবে বিএনপির সালাহউদ্দিন আহমদকে। ইকবাল হাসান মাহমুদ টুকু পাচ্ছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। হাফিজ উদ্দিন আহমেদকে দেওয়া হচ্ছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় পাচ্ছেন আবু জাফর মো. জাহিদ হোসেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পাচ্ছেন খলিলুর রহমান (টেকনোক্র্যাট)। খন্দকার আব্দুল মুক্তাদির পেয়েছেন বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। আব্দুল আউয়াল মিন্টু পাচ্ছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় দেওয়া হচ্ছে কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদকে। ভূমি ও সংস্কৃতি মন্ত্রণালয় পাচ্ছেন যথাক্রমে মিজানুর রহমান মিনু ও নিতাই রায় চৌধুরী। আ ম ন এহসানুল হক মিলন পাচ্ছেন শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; সরদার মো. সাখাওয়াত হোসেন পাচ্ছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; ফকির মাহবুব আনাম পাচ্ছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। শেখ রবিউল আলম পাবেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়। আরিফুল হক চৌধুরী পাচ্ছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়; জহির উদ্দিন স্বপন পাচ্ছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়; মোহাম্মদ আমিন উর রশিদ পাচ্ছেন কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়; আফরোজা খানম পাচ্ছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি পাচ্ছেন পানি সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব। আসাদুল হাবিব দুলু পাচ্ছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; মো. আসাদুজ্জামান পাচ্ছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; জাকারিয়া তাহের পাচ্ছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং দীপেন দেওয়ান পাচ্ছেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

'প্রধানমন্ত্রী পুত্র' থেকে যেভাবে প্রধানমন্ত্রী হয়ে উঠলেন তারেক রহমান

বাংলাদেশে ২০০৭ সালে সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে দুর্নীতির অভিযোগে আটক হয়েছিলেন তারেক রহমান। এরপর আঠারো মাস কারাগারে থাকার পর ২০০৮ সালের সেপ্টেম্বরে মুক্তি পেয়ে সপরিবারে লন্ডনে চলে গিয়েছিলেন তিনি। এর প্রায় সতেরো বছর পর তিনি ঢাকায় ফিরে এসেছেন গত ২৫ ডিসেম্বর। এরপর খালেদা জিয়ার শারীরিক অবস্থার আরও অবনতি হওয়ার মধ্যেই মি. রহমান ঢাকায় ফেরেন ২৫ ডিসেম্বর এবং এর মাধ্যমেই আঠারো মাস কারাগার ও সতেরো বছর বিদেশে কাটানোর পর সশরীরে আবার বাংলাদেশের রাজনীতির মাঠে প্রত্যাবর্তন ঘটে তারেক রহমানের। তারেক রহমানের নেতৃত্বে সংসদ নির্বাচনে বিএনপি দুই তৃতীয়াংশ আসনে বিজয়ী হয়ে সরকার গঠন করেছে। নতুন সরকারের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নিয়েছেন তারেক রহমান।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

নতুন সরকারের শপথ অনুষ্ঠানে যোগ দিতে ঢাকায় মালদ্বীপের প্রেসিডেন্ট

বাংলাদেশের নতুন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে ঢাকায় এসেছেন মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ। প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের আমন্ত্রণে তিনি এই সফরে এসেছেন। ঢাকায় তাকে স্বাগত জানান বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

নতুন এমপিদের শপথ পড়ালেন প্রধান নির্বাচন কমিশনার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পাঠ করিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন। মঙ্গলবার বেলা পৌনে ১১টার দিকে বিএনপির এমপিদের শপথ পড়ানো হয়। এরপর

জামায়াতে ইসলামীসহ অন্য দলগুলো এবং স্বতন্ত্র সংসদ সদস্যদের শপথ হবে। সাধারণত নির্বাচনের ফলাফল সরকারিভাবে প্রকাশ বা গেজেট প্রকাশের তিনদিনের মধ্যে শপথ পড়ানো হয়। সংবিধানের ১৪৮ অনুচ্ছেদ অনুযায়ী, নতুন সংসদ সদস্যদের শপথ পড়ানোর কথা জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকারের। কিন্তু চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের পর পরিবর্তিত পরিস্থিতিতে সংসদ নেই, স্পিকারও নেই। এমনকি ডেপুটি স্পিকারও কারাগারে। তাই এবার শপথ পড়িয়েছেন প্রধান নির্বাচন কমিশনার। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

সংবিধান সংস্কার পরিষদের শপথ নেয়নি বিএনপি

বিএনপির নির্বাচিত সংসদ সদস্যরা আজ সংবিধান সংস্কার পরিষদের শপথ নেননি। সংসদ ভবনে বিএনপির নির্বাচিত সংসদ সদস্যদের শপথ অনুষ্ঠান শুরুর আগে দলীয় এমপিদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি জানান, তারা আজ সংবিধান সংস্কার পরিষদের শপথ নিচ্ছেন না। মি. আহমদ যখন এই ঘোষণা দেন, তখন সেখানে দলটির চেয়ারম্যান তারেক রহমানসহ নির্বাচনে জয়ী সংসদ সদস্যরা উপস্থিত ছিলেন। মি. আহমদ সাদা ও নীল রঙের দুটি ফরম হাতে নিয়ে বলেন, “আমরা কেউ সংবিধান সংস্কার পরিষদের সদস্য নির্বাচিত হইনি এবং সংবিধানে এখনো এটা ধারণ করা হয়নি। গণভোটের রায় অনুযায়ী, সংবিধান সংস্কার পরিষদ গঠিত হলে, সেটা সংবিধানে আগে ধারণ করতে হবে এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্যকে কে শপথ নেওয়াবেন, সেটার বিধান করতে হবে।” “এমন ফরম সংবিধানের তৃতীয় তফশিলে আসবে। সেগুলো সাংবিধানিকভাবে সংসদে গৃহীত হওয়ার পরে সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথ নেওয়ার বিধান করা যাবে। আমরা সংবিধান মেনে এ পর্যন্ত চলছি। আশা করি, সামনের দিনেও চলবো।” এরপর তিনি দলীয় সদস্যদের উদ্দেশ্যে আরও বলেন, “আমি মাননীয় চেয়ারম্যানের নির্দেশে ওনার উপস্থিতিতে আমাদের দলীয় সিদ্ধান্ত জানালাম।” এর পর প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের কাছে শপথ নেন বিএনপির এমপিরা। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৯৯টি আসনের মধ্যে বিএনপি এককভাবে ২০৯টি এবং জোটগতভাবে ২১২টি আসনে জয়ী হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

গণভোটের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট

গণভোটের বৈধতা চ্যালেঞ্জ এবং ঘোষিত ফলাফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট পিটিশন দায়ের করা হয়েছে। মঙ্গলবার সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম আতাউল মজিদ তৌহিদ জনস্বার্থে এ রিট দায়ের করেন। রিটকারী আইনজীবী নিজেই বিবিসি বাংলাকে বিষয়টি নিশ্চিত করেছেন। এই রিটে প্রধান নির্বাচন কমিশনার, মন্ত্রিপরিষদ সচিব এবং আইন সচিবকে বিবাদী করা হয়েছে। আগামী সপ্তাহে রিট আবেদনটির ওপর শুনানি হতে পারে বলেও জানিয়েছেন মি. তৌহিদ। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের ফলাফলে ‘হ্যাঁ’ জয়ী হয়েছে। দেশজুড়ে অনুষ্ঠিত এই গণভোটে মোট প্রদত্ত ভোটের হার ৬০ দশমিক ২৬ শতাংশ বলে জানিয়েছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনের সিনিয়র সচিবের দেওয়া তথ্য অনুযায়ী, গণভোটে ‘হ্যাঁ’ ভোট দিয়েছেন ৪ কোটি ৮০ লাখ ৭৪ হাজার ৪২৯ জন ভোটার। অন্যদিকে, বিপক্ষে অর্থাৎ ‘না’ ভোট দিয়েছেন ২ কোটি ২৫ লাখ ৬৫ হাজার ৬২৭ জন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

দুটি শপথ নিয়েছেন জামায়াত ইসলামীর এমপিরা

সংসদ সদস্য এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন জামায়াতে ইসলামীর এমপিরা। তাদের শপথ পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন। এর আগে, বিএনপির এমপিরা সকাল পৌনে ১১টার দিকে শপথ নেন। তবে বিএনপির এমপিরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। এবারের নির্বাচনে ২৯৭টি আসনের মধ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী এককভাবে পেয়েছে ৬৮টি আসন।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি রুমিন ফারহানা

সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি স্বতন্ত্র হিসেবে নির্বাচিত এমপি রুমিন ফারহানা। তিনি আজ সাড়ে ১২টার দিকে বাংলাদেশ জামায়াতে ইসলামীর এমপিদের সঙ্গে একই সময়ে সংসদ সদস্য হিসেবে শপথগ্রহণ করেন। কিন্তু প্রথম শপথগ্রহণ অনুষ্ঠান শেষ হতেই তিনি সভাস্থল ত্যাগ করেন। সংবিধান সংস্কার পরিষদ সদস্য হিসেবে শপথ নেওয়া সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে পরে সাংবাদিকদের সামনে মন্তব্য করেন মিজ ফারহানা। বিএনপির এমপি ইশরাক হোসেন জামায়াত এমপিদের সঙ্গে শপথ নিলেও, তিনিও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। তবে জামায়াতের এমপিরা দুটি শপথই নিয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

প্রতিমন্ত্রী হওয়ার জন্য ডাক পেয়েছেন নুরুল হক নুর

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পটুয়াখালী-৩ (গলাচিপা-দশমিনা) আসন থেকে নির্বাচিত নুরুল হক নুর প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার জন্য ডাক পেয়েছেন। তিনি আজ বেলা সাড়ে ১২টার দিকে বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেন। আওয়ামী লীগের আমলে সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনের সময় আলোচনায় এসেছিল নুরুল হক

নুর। সেই সময় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর নির্বাচনে ছাত্রলীগ সভাপতিকে হারিয়ে ভিপি (ভাইস প্রেসিডেন্ট) নির্বাচিত হয়েছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

মন্ত্রিপরিষদের শপথ অনুষ্ঠানে থাকবে না এনসিপি

বিএনপি সংবিধান সংস্কার পরিষদের শপথ না নেওয়ায়, মন্ত্রিপরিষদের শপথ উপস্থিত থাকবে না এনসিপির নির্বাচিত সংসদ সদস্যরা। আজ মঙ্গলবার দুপুর ১টার দিকে এনসিপি তাদের ভেরিফায়েড অফিসিয়াল ফেসবুক পাতায় এই ঘোষণা দেয়। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

মন্ত্রিপরিষদে যোগ দেওয়ার জন্য ফোন পেয়েছেন জাহিদ হোসেন ও এহসানুল হক মিলন

বিএনপির সরকারে মন্ত্রিপরিষদ সদস্য হিসেবে শপথ নেওয়ার জন্য ডাক পেয়েছেন বিএনপি নেতা এ জেড এম জাহিদ হোসেন এবং আ ন ম এহসানুল হক মিলন। দুইজনই বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তবে তাদের কোন মন্ত্রণালয় দেওয়া হবে, তা এখনো জানা যায়নি। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

শপথ নিলেন এনসিপির নির্বাচিত সংসদ সদস্যরা

সংসদ সদস্য হিসেবে শপথগ্রহণ করেছেন জাতীয় নাগরিক কমিটির (এনসিপি) নির্বাচিত ছয় নেতা। আজ দুপুর সোয়া ১টার দিকে প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন তাদের শপথ পাঠ করান। একইসঙ্গে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নিয়েছেন এনসিপির এমপিরা। এবারের নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর জোটসঙ্গী হিসেবে নির্বাচনে অংশ নিয়েছিল এনসিপি। জামায়াত এমপিরাও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন। তবে বিএনপির সংসদ সদস্যরা আজ সংবিধান সংস্কার পরিষদের শপথ নেননি।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

'এবার ৩০ শতাংশ মানুষের প্রতিনিধিত্ব এই সংসদে নেই'

সংসদে এবার আওয়ামী লীগ নেই, এটাকে কীভাবে দেখেন, সংসদ সদস্য হিসেবে শপথ গ্রহণের পর সাংবাদিকদের এমন এক প্রশ্নের জবাবে ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল, আশুগঞ্জ ও বিজয়নগর আংশিক) আসনে থেকে স্বতন্ত্র হিসেবে নির্বাচিত এমপি রুমিন ফারহানা বলেন, “এবার দেশের ৩০ শতাংশ মানুষের রিপ্রেজেন্টেশন (প্রতিনিধিত্ব) থাকবে না, এটা মাথায় রেখেই আমাদের সংসদে বসতে হবে।” এসময় তিনি আরও বলেন যে, আগে সংসদে বিএনপি ছিল না, এখন আওয়ামী লীগ ও বাম দলগুলো নেই। উল্লেখ্য, আজ শুধু সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন রুমিন ফারহানা, সংবিধান সংস্কার পরিষদ সদস্য হিসেবে শপথ নেননি তিনি। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

মন্ত্রিসভার নতুন সদস্যরা যা বলছেন

দুর্নীতির লাগাম টেনে ধরে দেশের অর্থনীতিকে শক্তিশালী করতে সমন্বিতভাবে কাজ করার কথা জানানেন মন্ত্রিসভার নতুন সদস্যরা। মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় শপথ গ্রহণ শেষে গণমাধ্যমের সঙ্গে কথা বলেন মন্ত্রিসভার সদস্যদের অনেকে। বাংলাদেশের সাধারণ মানুষকে অর্থনীতিতে অংশগ্রহণের সুযোগ করে দেওয়ার কথা জানান মন্ত্রিসভার সদস্য ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, “রাজনীতিকে ডেমোক্রাটাইজেশন করলে হবে না, অর্থনীতিকেও গণতন্ত্রায়ণ করতে হবে।” এছাড়া, বিদেশে পাচার হওয়া টাকা ফেরত আনতে যে-সব পদক্ষেপ নেওয়া প্রয়োজন, তার সবই নিতে চান নতুন এই মন্ত্রী। দুর্নীতির লাগাম টেনে ধরতে চান মন্ত্রিসভার নতুন সদস্য গণসংহতি আন্দোলনের নেতা জোনায়েদ সাকি। তিনি বলেন, শহিদের আকাঙ্ক্ষা পূরণ করাই এই সরকারের প্রধান চ্যালেঞ্জ। শিক্ষা, স্বাস্থ্য, আইন-শৃঙ্খলাসহ সব খাতে সরকারের নির্দিষ্ট পরিকল্পনা বাস্তবায়নের কথা জানান প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেওয়া বিএনপি নেতা শামা ওবায়দ।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

জুলাইয়ের সাথে গান্ধারি করে বিএনপি সরকারের যাত্রা শুরু : সারজিস

জুলাই সনদ ও অভ্যুত্থানের আকাঙ্ক্ষার সাথে গান্ধারি করে বিএনপি সরকারের যাত্রা শুরু হলো বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলীয় মুখ্য সংগঠক সারজিস আলম। আজ মঙ্গলবার তিনি তার ভেরিফায়েড ফেসবুক পাতায় দেওয়া এক পোস্টে এই কথা বলেন। উল্লেখ্য, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পঞ্চগড়-১ আসনে সারজিস আলম হেরেছেন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

২০ বছর পর যেভাবে ক্ষমতায় এলো বিএনপি

২০০৬ সালের অক্টোবরে ক্ষমতা থেকে বিদায়ের প্রায় দুই দশক পর আবারও ভোটের মাধ্যমে বাংলাদেশের সরকার গঠন করলো বাংলাদেশ জাতীয়তাবাদী দল বা বিএনপি। এর আগে, সর্বশেষ বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারে ছিল ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত। সেই সরকারের অন্যতম অংশীদার এবং দলটির দীর্ঘদিনের মিত্র রাজনৈতিক দল জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোট এবার বসছে বিরোধী দলের আসনে। এবারই প্রথম দলের নির্বাচনি লড়াইয়ের নেতৃত্ব দিলেন তারেক রহমান। তার নেতৃত্বেই সংসদ নির্বাচনে দুই তৃতীয়াংশ আসনে জয় পেয়েছে দলটি। দীর্ঘদিন লন্ডনে রাজনৈতিক আশ্রয়ে থাকার পর গত ২৫ ডিসেম্বর দেশে ফেরেন তারেক রহমান। নির্বাচনের মাত্র মাসখানেক আগে মায়ের মৃত্যুর পর দলটির চেয়ারম্যান হিসেবে অভিষিক্ত হয়েছিলেন তিনি। এর আগে,

২০০১ সালের নির্বাচনে ক্ষমতায় আসা বিএনপি নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের শেষ দিকে ২০০৬ সালে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান কে হবেন, এই ইস্যুতে রাজনৈতিক সংকট তুঙ্গে উঠেছিল। সেই সরকারের সময়েই ২০০৭ সালে মার্চ সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে দুর্নীতির অভিযোগে আটক হয়েছিলেন তারেক রহমান। তখন আঠারো মাস কারাগারে থাকার পর ২০০৮ সালের সেপ্টেম্বরে মুক্তি পেয়ে সপরিবারে লন্ডনে চলে গিয়েছিলেন তিনি। খালেদা জিয়া ২০১৮ সালে একটি দুর্নীতি মামলায় কারাদণ্ডে দণ্ডিত হওয়ার পর লন্ডনে থেকেই দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন শুরু করেন মি. রহমান। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ এলিনা)

মীর্জা আব্বাস, রিজভী, নজরুল ইসলাম খানকে উপদেষ্টা নিয়োগ

বিএনপির শীর্ষ কয়েকজন নেতার মন্ত্রিপরিষদে নাম না থাকা নিয়ে আলোচনার মধ্যেই, তাদের কয়েকজনকে মন্ত্রী বা প্রতিমন্ত্রীর মর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসাবে নিয়োগ দেওয়া হয়েছে। মঙ্গলবার রাতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মন্ত্রীর পদমর্যাদায় নিয়োগ পেয়েছেন মীর্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান, রুহুল কবির রিজভী আহমেদ, মো. ইসমাইল জবিউল্লাহ ও ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর। এছাড়া, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা হিসাবে নিয়োগ পেয়েছেন হুমায়ুন কবির, ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম, ডা. জাহেদুর রহমান, ড. মাহাদি আমিন ও রেহান আসিফ আসাদ। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

সৌদি আরবে চাঁদ দেখা গেছে, কাল থেকে মধ্যপ্রাচ্যে রমজান শুরু

সৌদি আরবে রমজান মাসের চাঁদ দেখা গেছে। এর ফলে দেশটিতে বুধবার থেকেই রমজান শুরু হচ্ছে। সৌদি আরবের কর্তৃপক্ষ এই তথ্য নিশ্চিত করেছে। বাংলাদেশে আগামীকাল বুধবার চাঁদ দেখা কমিটির বৈঠক হওয়ার কথা রয়েছে। বুধবার চাঁদ দেখা গেলে বৃহস্পতিবার থেকে বাংলাদেশে রমজান শুরু হবে। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

মন্ত্রিপরিষদে নেই বিএনপির যে শীর্ষ নেতারা

নতুন মন্ত্রিপরিষদ অথবা মন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে যুক্ত হয়েছেন বিএনপির বেশিরভাগ শীর্ষ নেতা। তবে এখনও মন্ত্রিপরিষদে কোনো দায়িত্ব দেওয়া হয়নি দলটির স্থায়ী কমিটির আলোচিত চারজন সদস্যকে। তারা হলেন- ড. খন্দকার মোশাররফ হোসেন, আব্দুল মঈন খান, সেলিমা রহমান এবং গয়েশ্বর চন্দ্র রায়। এর মধ্যে ড. খন্দকার মোশাররফ হোসেন বাংলাদেশের পরবর্তী রাষ্ট্রপতি হচ্ছেন এমন গুঞ্জন রয়েছে বিভিন্ন মাধ্যমে। জাতীয় সংসদের স্পিকার কে হচ্ছেন, এটি নিয়েও নানা আলোচনা চলছে। বিএনপির জাতীয় স্থায়ী কমিটির ছয় নেতা মঙ্গলবার মন্ত্রিপরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন। এছাড়া, মন্ত্রী পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে নিয়োগ পেয়েছেন স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাস এবং নজরুল ইসলাম খান। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

তারেক রহমানের সঙ্গে ভারতের লোকসভার স্পিকারের সাক্ষাৎ

বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে তাকে ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন দেশটির লোকসভার স্পিকার ওম বিরলা। মঙ্গলবার সামাজিক মাধ্যম এক্স-এ ওম বিরলা এবং তারেক রহমানের একটি ছবি পোস্ট করে এমনটি লিখেছেন ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহ। মি. হামিদুল্লাহ লিখেছেন, ভারত এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি তার শুভকামনা জানিয়েছেন বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমান। নতুন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানের পর ভারতের লোকসভার স্পিকার ওম বিরলার সাথে সাক্ষাতের সময় তিনি এই বার্তা পৌঁছে দিয়েছেন। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

অন্তর্বর্তী সরকারে উপদেষ্টা পরিষদ ভেঙে গেছে

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ ভেঙে গেছে বলে জানিয়েছে বাংলাদেশের মন্ত্রিপরিষদ বিভাগ। মঙ্গলবার একটি প্রজ্ঞাপনে জানানো হয়েছে, সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন হিসাবে তারেক রহমানকে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত দিয়েছেন রাষ্ট্রপতি এবং তার নেতৃত্বে নতুন সরকার গঠনে সম্মতি দিয়েছেন। নতুন সরকার গঠনের সঙ্গে সঙ্গে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ ভেঙে গেছে বলে গণ্য হবে।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

মন্ত্রিপরিষদের প্রথম বৈঠক বুধবার বিকেল ৩টায়

বাংলাদেশের নবগঠিত মন্ত্রিপরিষদের প্রথম বৈঠক বুধবার বিকেল ৩টায় অনুষ্ঠিত হবে। এদিন প্রধানমন্ত্রী তারেক রহমান সচিবালয়ে অফিস করবেন বলে জানা গেছে। বিএনপি মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খানের বরাত দিয়ে বাংলাদেশ সংবাদ সংস্থা বা বাসস জানিয়েছে, প্রথম কাযদিবসে মন্ত্রিপরিষদ সদস্যদের সঙ্গে বিশেষ বৈঠক এবং সচিবদের সঙ্গে মতবিনিময় সভা করবেন তারেক রহমান। তিনি জানান, বুধবার সকাল ১০টায় জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন তারেক রহমান। সেখান থেকে ফিরে বেলা সাড়ে ১২টার দিকে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর দপ্তরে তিনি অফিস করবেন। সেখানে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের সঙ্গে পরিচিতি ও মতবিনিময় সভা শেষে সচিবালয়ে দুপুর ৩টায় মন্ত্রিপরিষদের বিশেষ বৈঠকে অংশ নেবেন প্রধানমন্ত্রী।

(বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

জামায়াত আমিরের সঙ্গে ভারতের পররাষ্ট্র সচিবের সাক্ষাৎ

বাংলাদেশের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্র। মঙ্গলবার বাংলাদেশের নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানের এক পর্যায়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয় বলে জানা গেছে। এ সময় জামায়াতে ইসলামীর আমিরকে তার নতুন ভূমিকার জন্য শুভেচ্ছা জানান ভারতের পররাষ্ট্র সচিব। একই সাথে বাংলাদেশের প্রতি ভারতের দীর্ঘস্থায়ী সমর্থনের কথাও তুলে ধরেন। দুই দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক আরও এগিয়ে নিতে শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন ডা. শফিকুর রহমান। (বিবিসি ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রনি)

ভারত-বাংলাদেশের সীমান্ত এলাকায় জামায়াতের জয় পশ্চিমবঙ্গে কীভাবে দেখা হচ্ছে?

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় নির্বাচনের ফলাফলের যে মানচিত্রসহ তথ্য বিবিসি বাংলার ওয়েবসাইটে আছে, তার দিকে এক ঝলক তাকালেই দেখা যাচ্ছে, দক্ষিণ-পশ্চিমে সাতক্ষীরা-৪ থেকে শুরু করে উত্তর দিকে এগোলে মেহেরপুর-২ আসন পর্যন্ত আন্তর্জাতিক সীমান্ত বরাবর নিরবচ্ছিন্নভাবে হলুদ রং। বিবিসি বাংলায় নির্বাচনি ফলাফলের ক্ষেত্রে জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন ১১ দলীয় জোটকে হলুদ দিয়ে বর্ণায়িত করা হয়েছিল। আবার সীমান্ত থেকে কিছুটা অভ্যন্তরে খুলনা, যশোর, কুষ্টিয়া আর পাবনার অনেক আসনও জামায়াতের জোটের দখলে গেছে। সীমান্তে যদি ফিরে আসা যায়, কয়েকটি আসন বাদ দিলে যত উত্তরে এগোনো যায়, সেখানেও আবার রাজশাহী-১ এবং চাঁপাইনবাবগঞ্জের তিনটি আসনে জয়ী হয়েছে জামায়াত নেতৃত্বাধীন জোট। উত্তরাঞ্চলে নীলফামারী, লালমনিরহাট, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রামেও অনেক আসনে তারাই বিজয়ী হয়েছে। মোটের ওপর, জামায়াতে ইসলামীর জোট যে-সব এলাকায় জিতেছে, সেগুলি ভারতের পশ্চিমবঙ্গ আর কিছুটা আসামের সীমান্তবর্তী অঞ্চল। এই অঞ্চলগুলিতে জামায়াতে ইসলামী ও তার জোটসঙ্গীদের জয়কে পশ্চিমবঙ্গের রাজনৈতিক দল আর বিশ্লেষকরা গভীরভাবে নজর করেছেন। তারা মনে করছেন, বাংলাদেশে জামায়াতের এই ফলাফল পশ্চিমবঙ্গের রাজনীতিতেও প্রভাব ফেলবে, বিশেষত আর কয়েক মাসের মধ্যেই যে রাজ্যে বিধানসভা নির্বাচন হতে চলেছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, বিজেপি এবং তাদের বিরোধীদলগুলি অর্থাৎ পশ্চিমবঙ্গের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস- কারা, কীভাবে সীমান্ত অঞ্চলে জামায়াতের জয়ের ব্যাখ্যা করছে আর মানুষের সামনে তুলে ধরছে, তার ওপরেই নির্ভর করবে যে, এই ফলাফল পশ্চিমবঙ্গের রাজনীতিতে কীভাবে প্রভাব ফেলবে।

যা বলছে বিজেপি আর তৃণমূল

পশ্চিমবঙ্গের রাজনীতিতে বাংলাদেশ অনেক বছর ধরেই একটা নির্বাচনি এজেন্ডা হয়ে থেকেছে। বিজেপি বরাবরই বলে এসেছে যে, পশ্চিমবঙ্গ আর বাংলাদেশের সীমান্ত অঞ্চলে ব্যাপক অনুপ্রবেশ ঘটে এবং সেইসব অনুপ্রবেশকারীদের রাজ্যের ক্ষমতাসীন দলগুলি মদদ দিয়ে থাকে। বাম আমলেও তা ছিল এবং বর্তমানে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে সেইসব কথিত অনুপ্রবেশকারীদের মদদ দেওয়া আরও বেড়েছে বলে বিজেপি অভিযোগ করে থাকে। রাজ্যের অনেকগুলি জেলায় কথিত অনুপ্রবেশকারীদের কারণে জনবিন্যাসও পাল্টে গেছে বলেও অভিযোগ করেন দলটির নেতারা। এখন, বাংলাদেশের ভোটে পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চল বরাবর জামায়াতে ইসলামীর বিজয়কে কীভাবে দেখছে দলটি? বিজেপির অন্যতম মুখপাত্র, রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক বিমল শঙ্কর নন্দ বলছিলেন, “বাংলাদেশের অভ্যন্তরে জামায়াতে ইসলামী কীভাবে সীমান্ত অঞ্চলগুলিতে বিজয়ী হয়েছে, সেটা একটা প্রশ্ন। সেই আলোচনায় না গিয়েও বলা যায় যে, পশ্চিমবঙ্গের রাজনীতিতে জামায়াতের এই ফলাফলের মারাত্মক প্রভাব পড়তে বাধ্য।” “যে দীর্ঘ সীমান্ত রয়েছে আমাদের রাজ্যের সঙ্গে বাংলাদেশের, সেখানে অনেকটা অংশেই এখনও কাঁটাতারের বেড়া দেওয়া যায়নি। এর একটা বড়ো কারণ রাজ্য সরকারের জমি দিতে অনীহা। তারা তো চাইবেই না যে, সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়া হোক, না হলে তো অনুপ্রবেশ চলতে থাকবে কী করে? রাজ্যের শাসক দল তো চায় যে, অনুপ্রবেশ হোক, সীমান্তের জেলাগুলিতে জনবিন্যাস বদলিয়ে যাক” অভিযোগ করছিলেন বিজেপি নেতা বিমল শঙ্কর নন্দ। তার কথায়, “অন্যদিকে জামায়াতের মতো কটরপন্থী সংগঠনগুলো সেই সুযোগ নেবে, সীমান্ত দিয়ে আরও মানুষ পাঠাবে ভারতে। এর ফলে পশ্চিমবঙ্গবাসী তো আতঙ্কিত।”

অন্যদিকে, রাজ্যের ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেসের নেতারা সামাজিক মাধ্যমে বিএনপির জয়ে তাদের উচ্ছ্বাস আটকিয়ে রাখতে পারেননি। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফলাফল ঘোষণার দিন দুপুরেই অভিনন্দন জানিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমানকে। তৃণমূল কংগ্রেসের অন্যতম মুখপাত্র অরূপ চক্রবর্তী বলছিলেন, “হিন্দু, মৌলবাদ আর ইসলামি মৌলবাদ তো একে অপরের পরিপূরক। ওদেশে যা জামায়াতে ইসলামী, আমাদের দেশে সেটাই বিজেপি, একই মুদ্রার এপিঠ ওপিঠ।” “পশ্চিমবঙ্গের সীমান্ত অঞ্চল জুড়ে, একেবারে কোচবিহার থেকে শুরু করে দক্ষিণে নদীয়া পর্যন্ত তো সব এলাকাতোই বিজেপি তাদের আধিপত্য বিস্তার করেছে সেই ২০১৯ সালের লোকসভা ভোট থেকেই। আবার ভারতের এই হিন্দু মৌলবাদ দেখিয়েই ঠিক এই অঞ্চল জুড়ে, সীমান্তের অপর প্রান্তেও জামায়াতে ইসলামী শক্তি বৃদ্ধি ঘটিয়েছে, এতগুলো আসনে তারা জয়ী হয়েছে।”

সীমান্ত অঞ্চলে জামায়াত বরাবরই শক্তিশালী

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন যে রাজ্যের সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশের জামায়াতে ইসলামী যে ব্যাপক জয় পেয়েছে, তাকে বিজেপি এবং তার বিরোধীরা, অর্থাৎ রাজ্যের ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেস- উভয় পক্ষই নিজের মতো করে কাজে লাগাবে। তাদের ব্যাখ্যা, একদিকে বিজেপি চেষ্টা করবে কটরপন্থীদের বিজয়কে কেন্দ্র করে পশ্চিমবঙ্গে ধর্মীয় মেরুকরণ করতে, অন্যদিকে তৃণমূল কংগ্রেস সম্ভবত চেষ্টা করবে মোটের ওপর বাংলাদেশে যে মুক্তিযুদ্ধের পক্ষে থাকা বিএনপি জয়ী হয়েছে, সেই প্রচার করতে। “যদিও দেখানো হচ্ছে যে, পশ্চিমবঙ্গ সীমান্ত লাগোয়া এলাকাগুলোতে জামায়াতে ইসলামী অনেক আসন জিতেছে, কিন্তু ঘটনা হলো এই সীমান্ত বরাবর এলাকাতে সব সময়েই ইসলামী কটরপন্থিরা শক্তিশালী ছিল। দেশভাগের পরে, সেই ১৯৪৭ সাল থেকেই এখানে তাদের মজবুত সংগঠন থেকেছে। এমনটা নয় যে, এবারের ভোটে হঠাৎ করে জামায়াত এইসব আসনগুলোতে জিতে গেল,” বলছিলেন ‘দ্য ওয়াল’ সংবাদ পোর্টালের কার্যনির্বাহী সম্পাদক অমল সরকার। তার কথায়, “তবুও এমনভাবে বিষয়টা সম্ভবত তুলে ধরতে চাইবে বিজেপি যে, সীমান্তে জামায়াত শক্তিশালী হয়ে উঠেছে, তাই হিন্দুদের ঐক্যবদ্ধ হওয়া দরকার, এজন্যই ভোটের তালিকায় নিবিড় সংশোধন চেয়েছিলাম আমরা, এসব বলবে দলটি। চেষ্টা হবে ধর্মীয় মেরুকরণের। যদিও এইভাবে বিষয়টাকে তুলে ধরার যে প্রচেষ্টা বিজেপি করবে, তার জন্য জামায়াতে ইসলামীকে কিন্তু কোনোভাবে দায়ী করা যাবে না। এই ব্যাখ্যাটা বিজেপির নিজস্ব।”

হিন্দুত্ববাদী রাজনীতির গবেষক স্নিফেন্দু ভট্টাচার্য ব্যাখ্যা করছিলেন, “শুধু যে পশ্চিমবঙ্গ লাগোয়া বাংলাদেশের সীমান্ত অঞ্চলে জামায়াতে ইসলামী খুব ভালো ফল করেছে, তা নয়। পার্শ্ববর্তী আসামের সীমান্ত লাগোয়া কিছু অঞ্চলেও জয়ী হয়েছে জামায়াত। ঠিক এই অঞ্চলেই আমাদের দেশে বিজেপি খুবই শক্তিশালী শুধুমাত্র দক্ষিণ ২৪ পরগনা বাদ দিলে।” তিনি মনে করেন, “তাই জামায়াতের এই জয় নিয়ে বিজেপি রাজনীতি করার চেষ্টা করবেই। সীমান্তে জামায়াত এসে গেছে, এবার পশ্চিমবঙ্গেও ঢুকে পড়বে, এসব বলবে। কিন্তু বিজেপি-বিরোধীরা বাংলাদেশের সামগ্রিক নির্বাচনি ফলাফলকে কীভাবে ব্যাখ্যা করে মানুষের সামনে তুলে ধরতে পারবে, সেটাও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।” “বিজেপি-বিরোধী, অর্থাৎ রাজ্যের ক্ষমতাসীন দল তৃণমূল কংগ্রেস যদি এটাকে তুলে ধরতে পারে যে, বাংলাদেশে কটরপন্থি আর ইসলামপন্থীদের হারিয়ে দিয়ে একটা ধর্মনিরপেক্ষ শক্তিকে জিতিয়ে এনেছে সেদেশের মানুষ, তাহলেই সংঘ পরিবারের প্রচেষ্টার মোকাবিলা করা যাবে বলে আমার মনে হয়,” বলছিলেন মি. ভট্টাচার্য।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০২.২০২৬ আলী আহমেদ)

বিএনপি শপথ না নেওয়ায় সংবিধান সংস্কার পরিষদের এখন কী হবে

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ীরা সংসদ সদস্য হিসেবে শপথ নিলেও, অনিশ্চয়তা তৈরি হয়েছে সংবিধান সংস্কার পরিষদ নিয়ে। সংবিধানে এই পরিষদের শপথ নেওয়ার বিধান নেই উল্লেখ করে বিএনপি দলীয় সদস্যরা এমপি হিসেবে শপথ নিলেও প্রস্তাবিত এই পরিষদের সদস্য হিসেবে শপথ না নেওয়ায় এমন পরিস্থিতি তৈরি হয়েছে। রাষ্ট্রপতির জারি করা জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ অনুযায়ী, গণভোটে ‘হ্যাঁ’ বিজয়ী হলে নির্বাচিত সংসদ সদস্যরা একই সাথে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসাবেও কাজ করবেন। ৬০ সদস্যের কোরাম হলেই এই পরিষদ কাজ করতে পারে। ওই আদেশের ভিত্তিতে যে গণভোট হয়েছে, সেখানে ‘হ্যাঁ’ ভোট জয়লাভ করেছে। ওদিকে বিএনপি আজ এ পরিষদের সদস্য হিসেবে শপথ না নিলেও জামায়াত-এনসিপির ৭৭ জন নির্বাচিত সদস্য একই সাথে সংসদ সদস্য ও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন। বিএনপির সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ না নেওয়ায়, এনসিপি দলীয়ভাবে মন্ত্রিসভার শপথ অনুষ্ঠান বয়কট করে। দলটির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, “গণভোটে জনরায়ের সাথে প্রতারণা করে শপথ নিতে যাচ্ছে সরকার।” জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বিবিসি বাংলাকে বলেছেন, বিএনপি দুটি শপথ না নিলে সংসদে যাওয়াই তো অর্থহীন। সংবিধান বিশেষজ্ঞরা বলছেন, গণভোটের রায়ের কারণে যদি জুলাই আদেশ বাস্তবায়নযোগ্যই হয়ে যায়, তাহলে সংবিধান সংস্কার পরিষদের প্রয়োজনীয়তাই থাকে না। আবার অন্যদিকে যে-সব সদস্যরা শপথ নিয়েছেন তারা নিজেরাই জুলাই আদেশ অনুযায়ী নিজেরাই সংবিধান বানিয়ে ফেলতে পারেন। তাদের মতে, জুলাই আদেশে এ ধরনের সুযোগ থাকায় একে ঘিরে রাজনৈতিক অস্থিতিশীলতা তৈরির আশঙ্কা রয়েছে। এর মধ্যেই মঙ্গলবার গণভোটের বৈধতা চ্যালেঞ্জ করে ও ফলাফল স্থগিত চেয়ে হাইকোর্টে রিট হয়েছে।

বিএনপি ও সংবিধান সংস্কার পরিষদ

নির্বাচনের পর সংসদ সদস্যদের শপথের তারিখ ঘোষণার পর থেকেই রাজনৈতিক অঙ্গনে বড়ো আলোচনার বিষয় হয়ে উঠেছিল সংবিধান সংস্কার পরিষদ। বিশেষ করে, বিএনপি এই পরিষদের সদস্য হিসেবে শপথ নেবে কি-না, তা নিয়ে আলোচনা জোরালো হয়ে উঠেছিল। সকালে সংসদ ভবনে দলটির নির্বাচিত এমপিরা শপথ নেওয়ার ঠিক আগ মুহূর্তে দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ একটি সাদা ও একটি নীল রঙের ফরম হাতে নিয়ে মাইকের সামনে দাঁড়ান। দলটির চেয়ারম্যান তারেক রহমানসহ সিনিয়র নেতারা তখন সেখানে সামনের সারিতে উপস্থিত ছিলেন। মি. আহমদ সাদা ও নীল রঙের দুটি ফরম হাতে নিয়ে বলেন, “আমরা কেউ সংবিধান সংস্কার পরিষদের সদস্য নির্বাচিত

হইনি এবং সংবিধানে এখনো এটা ধারণ করা হয়নি। গণভোটের রায় অনুযায়ী, সংবিধান সংস্কার পরিষদ গঠিত হলে সেটা সংবিধানে আগে ধারণ করতে হবে এবং সংবিধান সংস্কার পরিষদের সদস্যকে কে শপথ নেয়াবেন, সেটার বিধান করতে হবে। এমন ফরম সংবিধানের তৃতীয় তফশিলে আসবে। সেগুলো সাংবিধানিকভাবে সংসদে গৃহীত হওয়ার পরে সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথ নেওয়ার বিধান করা যাবে। আমরা সংবিধান মেনে এ পর্যন্ত চলেছি। আশা করি সামনের দিনেও চলবে।” এরপর তিনি দলীয় সদস্যদের উদ্দেশ্যে আরও বলেন, “আমি মাননীয় চেয়ারম্যানের নির্দেশে ওনার উপস্থিতিতে আমাদের দলীয় সিদ্ধান্ত জানালাম।” প্রসঙ্গত, বিএনপি আগে থেকেই ক্ষমতা গ্রহণের পর আইনি প্রক্রিয়া অনুসরণ করে দলটি সনদের ভিত্তিতে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ সংস্কার কাজ সম্পন্ন করার কথা বলে আসছে।

জামায়াত ও এনসিপি

বিএনপি সংবিধান সংস্কার পরিষদের শপথ না নেওয়ায়, প্রাথমিকভাবে ক্ষুব্ধ প্রতিক্রিয়া আসতে থাকে জামায়াতে ইসলামী ও এনসিপির দিক থেকে। এনসিপির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বেলা সোয়া ১১টায় ফেসবুকে তার পাতায় লেখেন, “গণভোটের জনরায়কে প্রথম দিনেই বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে শুরু হলো নতুন সংসদের যাত্রা।” বেলা ১২টা ৩৭ মিনিটে এনসিপির আরেকজন নেতা সারজিস আলম তার ভেরিফায়েড ফেসবুক পাতায় লেখেন, “জুলাই সনদ ও অভ্যুত্থানের আকাজক্ষার সাথে গান্ধারি করে বিএনপি সরকারের যাত্রা শুরু হলো!” বেলা ১টায় দলটির ভেরিফায়েড ফেসবুক পাতায় জানায় যে, তারা মন্ত্রিসভার শপথ অনুষ্ঠানে যোগ দিচ্ছেন না। জামায়াতের একজন সিনিয়র নেতা প্রথমে সংবাদমাধ্যমকে শপথ না নেওয়ার কথা বললেও, পরে তারা এমপি হিসেবে শপথ নেন ও একই সাথে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নেন তারা। জামায়াত জোটে থাকা এনসিপি সদস্যরাও একই পথ অনুসরণ করেন। জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বিবিসি বাংলাকে বলেছেন, নির্বাচন কমিশন থেকে দুটি শপথের জন্য চিঠি দেওয়া হয়েছে, কিন্তু এখন বিএনপি যদি একটি শপথ নেয়, তাহলে সেই সংসদে গিয়ে কী হবে? সোমবার কমিশনের চিঠিতে বলা হয়, ‘মঙ্গলবার নির্বাচিত সংসদ সদস্য ও সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথ পাঠ করাবেন প্রধান নির্বাচন কমিশনার’।

শুধু জামায়াত-এনসিপিতে কি পরিষদ হতে পারে?

সুপ্রিম কোর্টের আইনজীবী মনজিল মোরসেদ বলছেন, জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুসারে, সংবিধান সংস্কার পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য ৬০ জন পরিষদ সদস্যের উপস্থিতি প্রয়োজন হবে। “জামায়াত-এনসিপির তো ৭৭ জন ওই আদেশ অনুযায়ী পরিষদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। আদেশ বলছে, কোরামের জন্য দরকার ৬০ জন। তাহলে ওই আদেশ অনুযায়ী তারা তো চাইলে নিজেদের মতো করে একটি সংবিধান বানিয়ে ফেলতে পারে। সেই পথে গেলে রাজনৈতিক পরিস্থিতি কী হবে কিংবা তারা সেটি করবে কি-না, তা ভবিষ্যতে দেখা যাবে,” বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। প্রসঙ্গত, ২০২৫ সালের ১৩ নভেম্বর গেজেট হওয়া ওই আদেশে বলা হয়েছে, সংসদ নির্বাচনের ফল ঘোষণার পর ত্রিশ পঞ্জিকা দিবসের মধ্যে যে পদ্ধতিতে জাতীয় সংসদের প্রথম অধিবেশন আহ্বান করা হবে অনুক্রম পদ্ধতিতে পরিষদের প্রথম অধিবেশন আহ্বান করা হবে। এতে বলা হয়েছে, সংবিধান সংস্কার সংক্রান্ত কোনো প্রস্তাব অনুমোদনের জন্য পরিষদের মোট সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হবে এবং অন্য বিষয়ে উপস্থিত ও ভোট দানকারী সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে পরিষদের সিদ্ধান্ত গৃহীত হবে। মনজিল মোরসেদ বলছেন, এ আদেশ মানলে এসব নিয়ম অনুযায়ী জামায়াত-এনসিপি নিজেরাই পরিষদ আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণ করে এমনকি নতুন সংবিধানও বানিয়ে ফেলতে পারেন। জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ পরিষদের গঠন সম্পর্কে বলা হয়েছে, নির্বাচিত প্রতিনিধিগণ একই সাথে জাতীয় সংসদের সদস্য হিসেবে এবং এই আদেশ অনুসারে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসাবে দায়িত্ব পালন করিবেন। এই ধারায় আরও বলা হয়েছে, সংবিধান সংস্কার পরিষদ প্রথম অধিবেশন শুরুর তারিখ থেকে ১৮০ কার্য দিবসের মধ্যে জুলাই জাতীয় সনদ এবং গণভোটের ফলাফল অনুসারে সংবিধান সংস্কার সম্পন্ন করবে এবং তা সম্পন্ন করবার পর পরিষদের কার্যক্রম সমাপ্ত হবে। কিন্তু বিএনপি শপথ না নেওয়ায় কার্যত এটি করার আর সুযোগ নেই বলেই মনে করছেন সংবিধান বিশেষজ্ঞ শাহদীন মালিক।

তাহলে এখন কী হবে?

শাহদীন মালিক বলছেন, যেই ৭৭ জন শপথ নিয়েছেন, তারা জুলাই সনদ বাস্তবায়ন করতে পারেন সেই আদেশ বলে। কিন্তু তেমন কিছু করার জন্য সংঘাতময় পরিস্থিতি তৈরি করতে চাইলে, সেটি আর জনগণের সমর্থন পাবে না বলে মনে করেন তিনি। “জুলাই আদেশ অনুযায়ী, গণভোটের জেতার কারণেই যদি এটি বাস্তবায়নযোগ্য হয়ে যায়, তাহলে এমনিতেও আর সংবিধান সংস্কার পরিষদের প্রয়োজন হয় না। তবে এ নিয়ে রাজনৈতিক সংকট তৈরির চেষ্টা আর সফল হবে না, কারণ এখন স্থিতিশীলতা চায়,” বিবিসি বাংলাকে বলেছেন তিনি। মনজিল মোরসেদ বলছেন, জুলাই সনদ বাস্তবায়ন আদেশের মধ্যে পরিস্থিতিকে অস্থিতিশীল করে তোলা বীজ রাখা হয়েছে এবং তার মতে, এটি করাই হয়েছে দেশে আবারও অনির্বাচিত সরকার আনার প্রেক্ষাপট তৈরির জন্য। তিনি বলেন, নির্বাচন ঘোষণার পর থেকেই দেশ সাংবিধানিক প্রক্রিয়ায় চলে এসেছে এবং প্রধানমন্ত্রী, মন্ত্রিসভা ও এমপিদের শপথ হয়েছে সংবিধান অনুযায়ী। বাংলাদেশের বর্তমান সাংবিধানিক ব্যবস্থায় সংসদ বহাল না থাকা অবস্থায় রাষ্ট্রপতির অধ্যাদেশ বা নতুন আইন জারি

করা হলে, তা সংসদ বহাল হওয়ার পর উত্থাপনের ৩০ দিনের মধ্যে অনুমোদন করতে হয়, না হলে সেটি বাতিল হয়ে যায়। কিন্তু রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি করে জুলাই বাস্তবায়ন আদেশের যে গণভোট হয়েছে, সেক্ষেত্রে কী হবে, সেটি পুরোপুরি পরিষ্কার নয়। আইনের ব্যাখ্যা দিয়ে মনজিল মোরশেদ বলছেন, “যে অধ্যাদেশে গণভোট হয়েছে, সেটা হয়েছে রাষ্ট্রপতির নামে জারি করা একটি আদেশের ওপর নির্ভর করে। এভাবে অধ্যাদেশ হতে পারে কিনা, সেটি নিয়ে আইনি প্রশ্ন রয়ে গেছে। আবার সেই অধ্যাদেশকে বা গণভোটকে বৈধতা দিতে হলে সংসদে উত্থাপন করে পাস করাতে হবে। বিএনপি এখন সেটা সংসদে তুলবে কিনা, সেটা দেখার জন্য অপেক্ষা করতে হবে।” তিনি আরো জানান, রাষ্ট্রপতির অধ্যাদেশ জারি করার ক্ষেত্রে সংবিধানে কিছু সীমাবদ্ধতা বেধে দিয়েছে। সংবিধানে যা নেই, অর্থাৎ সংসদ যে বিষয়ে আইন করতে পারে না বা সংবিধানের কোনো বিধান পরিবর্তন হয়ে যায়, সেসব বিষয়ে রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন না। সংবিধানে যেহেতু গণভোটের বিধান নেই, তাই এ বিষয়ে অধ্যাদেশ জারি করার এখতিয়ার রাষ্ট্রপতির নেই বলে মনে করেন মনজিল মোরশেদ। ফলে এসব বিষয় নিয়ে আইনি প্রশ্ন উঠতে পারে বলে তিনি মনে করেন।

এর মধ্যেই মঙ্গলবার গণভোটের বৈধতা চ্যালেঞ্জ করে ও ফলাফল স্থগিত চেয়ে রিট আবেদন করেছেন একজন আইনজীবী। সেই রিটে গণভোট বাতিল চাওয়া হয়েছে। ওদিকে, সংসদ ভবনে শপথ গ্রহণের সময় বিএনপির দিক থেকে যেই ব্যাখ্যা দেওয়া হয়েছে, সেখানে বলা হয়েছে তারা সংবিধান অনুযায়ী পদক্ষেপ নেন। তবে এর আগে জাতীয় ঐকমত্য কমিশনে সংবিধান সংস্কারের কিছু বিষয়ে বিএনপি নোট অব ডিসেন্ট দিয়েছিল। তখন বলা হয়েছিল, নির্বাচনে তাদের ইশতেহার জনগণের ম্যাডেট পেলে, তার সে অনুযায়ী সংবিধান সংস্কারের পদক্ষেপ নেবে। মনজিল মোরশেদ বলছেন, সংবিধানে সংস্কার আনার বিষয়ে বিএনপি তাদের যে পরিকল্পনার কথা আগে জানিয়েছিল, সে অনুযায়ী সংসদে বিল উত্থাপনের মাধ্যমে সংবিধানের প্রয়োজনীয় পরিবর্তন তারা করতে পারবে এবং এটিই হবে সাংবিধানিক পন্থা। এর অন্যথা কিছু হলে সেটি জাতীয় স্থিতিশীলতার জন্যই হুমকি হয়ে দাঁড়াতে পারে,” বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০২.২০২৬ আলী আহমেদ)

দুই দশক পর রাষ্ট্রক্ষমতায় বিএনপি, মন্ত্রিসভায় ডাক পেলেন কারা?

১২ ফেব্রুয়ারির নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে দীর্ঘ ২০ বছর পর বাংলাদেশের রাষ্ট্র ক্ষমতায় বসতে যাচ্ছে বিএনপি। তারেক রহমানের নেতৃত্বে গঠিত হতে যাওয়া প্রথম মন্ত্রিসভায় নবীন-প্রবীণ মিলিয়ে প্রায় অর্ধশত জন মন্ত্রী-প্রতিমন্ত্রী থাকছেন বলে জানা যাচ্ছে। নতুন এই মন্ত্রিসভায় যোগদানের জন্য ইতোমধ্যেই অনেকে ডাক পেয়েছেন। নির্বাচিত সংসদ সদস্যদের বাইরেও সেখানে কেউ কেউ টেকনোক্রোট হিসেবে মন্ত্রী-প্রতিমন্ত্রী হওয়ার সুযোগ পাচ্ছেন। তবে নতুন মন্ত্রিসভার সদস্যরা কে কোন মন্ত্রণালয়ের দায়িত্ব পেতে যাচ্ছেন, সেটা এখনও নিশ্চিত করে জানানো হয়নি। শপথ গ্রহণের পর এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানা যাচ্ছে। মঙ্গলবার বিকেলে ঢাকার জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নিয়ম অনুযায়ী, বর্তমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন মন্ত্রিসভার শপথ পড়াবেন।

জায়গা পেলেন কারা?

নতুন সরকারের মন্ত্রিসভার সদস্য হিসেবে শপথ নিতে এখন পর্যন্ত যারা ডাক পেয়েছেন, তাদের মধ্যে নাম রয়েছে- বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ, ইকবাল হাসান মাহমুদ, হাফিজ উদ্দিন আহমেদ, মো. জাহিদ হোসেন, আব্দুল আউয়াল মিন্টু এবং কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ। আরও রয়েছেন- মিজানুর রহমান মিনু, নিতাই রায় চৌধুরী, খন্দকার আব্দুল মুক্তাদির, আরিফুল হক চৌধুরী, জহির উদ্দিন স্বপন, আফরোজা খানম রিতা, আসাদুল হাবিব দুলু, মো. আসাদুজ্জামান, জাকারিয়া তাহের, দীপেন দেওয়ান, আ ন ম এহসানুল হক মিলন এবং মোহাম্মদ আমিন উর রশীদ। বিএনপি নেতাদের মধ্যে আরো ডাক পেয়েছেন- ইশরাক হোসেন, এম রাশিদুজ্জামান মিল্লাত, অনিন্দ্য ইসলাম অমিত, শরীফুল আলম, ফরহাদ হোসেন আজাদ, শামা ওবায়দ, সুলতান সালাহউদ্দিন টুকু, ব্যারিস্টার কায়সার কামাল, মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, হাবিবুর রশিদ হাবিব, রাজিব আহসান, আজিজুল বারি হেলাল। তারা প্রতিমন্ত্রী হতে পারেন বলে জানা যাচ্ছে।

নতুন মন্ত্রিসভায় রাখা হচ্ছে

এছাড়া বিএনপি জোটে অংশ নিয়ে নির্বাচিত গণসংহতি আন্দোলনের নেতা জোনায়েদ সাকি, (বিএনপি), গণঅধিকার পরিষদের নুরুল হক নুর এবং নির্বাচনের আগে বিএনপিতে যোগ দেওয়া ববি হাজ্জাজ ডাক পেয়েছেন বলে জানা যাচ্ছে। এর বাইরে, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে বিএনপি সরকারের নতুন মন্ত্রিসভায় রাখা হচ্ছে। খলিলুর রহমানের ঘনিষ্ঠ একটি সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। তাকে পররাষ্ট্রমন্ত্রী করা হতে পারে বলেও জানিয়েছে সূত্রটি। মি. রহমান ২০২৪ সালের নভেম্বরে প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ হিসেবে নিয়োগ পান। পরে ২০২৫ সালের এপ্রিলে তাকে প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা করা হয়। সম্প্রতি যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি করার ক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০২.২০২৬ আলী আহমেদ)

বাংলাদেশে ১৮ মাস পর আজ দায়িত্ব নিচ্ছে নির্বাচিত সরকার

বাংলাদেশে প্রায় দেড় বছরেরও বেশি সময় পর আবার নির্বাচিত রাজনৈতিক সরকারের যাত্রা শুরু হচ্ছে আজ। সকালে সংসদ ভবনে নতুন এমপিদের শপথের পর বিকেলেই নতুন সরকারের শপথ নেওয়ার কথা রয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জয়ী বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বিকেলে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিচ্ছেন। একই অনুষ্ঠানে নতুন মন্ত্রিসভাকেও শপথ পড়াবেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এবার বঙ্গভবনের পরিবর্তে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শপথ গ্রহণ অনুষ্ঠানে দক্ষিণ এশীয় বিভিন্ন দেশের প্রতিনিধিসহ বিপুল সংখ্যক দেশি ও বিদেশি অতিথি অংশগ্রহণ করবেন বলে জানিয়েছে কর্তৃপক্ষ। এর আগে, সকালে জাতীয় সংসদ ভবনে নবনির্বাচিত এমপিদের শপথ পড়াবেন বলে প্রধান নির্বাচন কমিশনার বা সিইসি এ এম এম নাসির উদ্দিন। একই সাথে সংবিধান সংস্কার পরিষদের শপথেরও আয়োজন করেছে কর্তৃপক্ষ। প্রসঙ্গত, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের বেসরকারি ফলাফলে ২৯৭টি আসনের মধ্যে বিএনপি ২০৯টি এবং জামায়াতে ইসলামী ৬৮টি আসনে জয়লাভ করেছে। এছাড়া, জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ছয়টি এবং স্বতন্ত্র প্রার্থীরা সাতটি আসনে জয়ী হয়েছে। আদালতের নির্দেশনার কারণে দুটি আসনের ফল ঘোষণা করা হয়নি। আর একজন প্রার্থীর মৃত্যুজনিত কারণে একটি আসনে নির্বাচন হয়নি। দেশের ইতিহাসে প্রথমবারের মতো একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হলো। এবার নির্বাচনে অন্তর্বর্তী সরকার কার্যক্রম নিষিদ্ধ করে রেখে দেশের অন্যতম বড়ো রাজনৈতিক দল আওয়ামী লীগকে অংশ নিতে দেয়নি। ফলে নির্বাচনটি হয়েছে বিএনপি ও তার পুরোনো মিত্র জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন জোটের মধ্যে।

অন্তর্বর্তী সরকার ও নির্বাচন

বাংলাদেশের ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের দীর্ঘ সতেরো বছরের শাসনের অবসান হওয়ার তিনদিন পর ৮ আগস্ট সরকার গঠন করেছিলেন অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। এরপরই থেকে দ্রুত নির্বাচনের রোডম্যাপ ঘোষণার জন্য দাবি জানাতে শুরু করে বিএনপিসহ কিছু রাজনৈতিক দল। ওদিকে, সরকার দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন খাতে সংস্কারের জন্য সব মিলিয়ে এগারোটি কমিশন ও পরে সংবিধান সংস্কারের জন্য জাতীয় ঐকমত্য কমিশন গঠন করে। ওই কমিশনের সুপারিশ অনুযায়ী, রাজনৈতিক দলগুলো জুলাই সনদ স্বাক্ষরের পর কয়েকটি বিষয়ে গণভোট অনুষ্ঠিত হলো জাতীয় নির্বাচনের সাথেই। এদিকে নির্বাচন প্রধান উপদেষ্টা প্রথমে ডিসেম্বর থেকে ২০২৬ সালের জুনের মধ্যে হবে বললেও পরে লন্ডনে গিয়ে তারেক রহমানের সাথে বৈঠকের পর দু পক্ষই রোজার আগে নির্বাচনে সম্মত হয়ে একটি যৌথ বিবৃতিতে প্রকাশ করে। এরপর নানা ঘটনার ধারাবাহিকতায় ২০২৫ সালের ডিসেম্বরে, ১২ ফেব্রুয়ারি ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করে নির্বাচনের তফশিল ঘোষণা করেছিলেন সিইসি এবং এর মাধ্যমেই নির্বাচন নিয়ে অনিশ্চয়তা ও শঙ্কার আপাত অবসান ঘটে। শেষ পর্যন্ত নির্ধারিত তারিখেই নির্বাচন হলো এবং তাতে বিএনপি এককভাবে দুই-তৃতীয়াংশ আসনে জয় পেয়েছে। তারেক রহমান নিজেও দুটি আসনে জয়ের পর ঢাকা-১৭ আসন রেখে বগুড়া -৬ আসন ছেড়ে দেওয়ার কথা জানিয়েছেন। তবে সংবিধান অনুযায়ী নতুন সংসদ সদস্যদের শপথ পড়ানোর কথা বিদায়ি জাতীয় সংসদের স্পিকার কিংবা তার অনুপস্থিতিতে ডেপুটি স্পিকার। কিন্তু চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের পর পরিবর্তিত পরিস্থিতিতে সংসদ নেই, স্পিকারও নেই। এমনকি ডেপুটি স্পিকারও কারাগারে। এমন পরিস্থিতিতে সংবিধানে থাকা বিকল্প পন্থা হিসেবে সিইসি এবার এমপিদের শপথ পড়াবেন বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

তারেক রহমানের ফিরে আসা

নির্বাচন তফশিল হয়ে গেলেও তখনও লন্ডন থেকে দেশে ফেরেননি তারেক রহমান। কিন্তু এক পর্যায়ে ঢাকায় তার মা খালেদা জিয়ার শারীরিক অবস্থার অবনতি ঘটলে সপরিবারে দেশে ফেরার সিদ্ধান্ত নেন তিনি। দীর্ঘ ১৭ বছর লন্ডনে রাজনৈতিক আশ্রয়ে থাকার পর তিনি ২৫ ডিসেম্বর ঢাকায় ফিরেছিলেন এবং ৩০ ডিসেম্বর তার মা খালেদা জিয়ার মৃত্যুর কয়েকদিন পর তিনি আনুষ্ঠানিকভাবে দলের চেয়ারম্যানের দায়িত্ব নেন। ২০০৬ সালের অক্টোবরে ক্ষমতা থেকে বিদায় নেওয়ার প্রায় দুই দশক পর তার নেতৃত্বেই দলটি আবার ভোটের মাধ্যমে বাংলাদেশের রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত হচ্ছে। ২০০৭ সালে মার্চ সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে দুর্নীতির অভিযোগে আটক হয়েছিলেন তারেক রহমান। তখন আঠারো মাস কারাগারে থাকার পর ২০০৮ সালের সেপ্টেম্বরে মুক্তি পেয়ে সপরিবারে লন্ডনে চলে গিয়েছিলেন তিনি। আজ তিনিই দেশের পরবর্তী প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিতে যাচ্ছেন। অন্যদিকে, এবারই প্রথম সংসদের প্রধান বিরোধী দলের আসনে বসতে যাচ্ছে জামায়াতে ইসলামী। দলটি এককভাবে ৬৮ ও জোটগতভাবে ৭৭টি আসন পেয়েছে এবারের নির্বাচনে। দলটির নেতারা একটি শক্তিশালী বিরোধী দলের ভূমিকা পালন করবেন বলে জানিয়েছেন।

আলোচনায় নতুন মন্ত্রিসভা

তারেক রহমানের নেতৃত্বে গঠিত হতে যাওয়া নতুন এই মন্ত্রিসভার চেহারা কেমন হতে যাচ্ছে এবং সেখানে কারা জায়গা পেতে যাচ্ছেন, সেটি নিয়ে মানুষের মধ্যে ব্যাপক কৌতূহল লক্ষ্য করা যাচ্ছে। নতুন মন্ত্রিসভায় দলের তরুণ নেতারা কতটা স্থান পাচ্ছেন এবং সমমনা দলগুলোকে রাখা হচ্ছে কি-না, এসব প্রশ্ন ঘিরেও বিভিন্ন মহলে নানান আলোচনা ও জল্পনা-কল্পনা হতে দেখা যাচ্ছে। এমনকি মন্ত্রিসভায় রাখার জন্য বিজয়ীদের কারো কারো পক্ষে ফেসবুকসহ সামাজিক

মাধ্যমে প্রচার-প্রচারণা চালানোর ঘটনাও চোখে পড়ছে। যদিও বিএনপির পক্ষ থেকে এখন পর্যন্ত নতুন মন্ত্রিসভার আকার ও চেহারার বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। তবে, তারেক রহমানের প্রথম মন্ত্রিসভা বা সরকারের আকার ক্ষমতাচ্যুত শেখ হাসিনার সরকারের তুলনায় 'অনেকটাই ছোট' হতে যাচ্ছে বলে জানতে পেরেছে বিবিসি বাংলা। নিজ দলের বাইরে ভোট জয় পাওয়া, সমমনা অন্য দলগুলোর নেতাদের মধ্যেও অনেকে সেই মন্ত্রিসভায় স্থান পেতে যাচ্ছেন বলে আভাস দিয়েছেন বিএনপি'র সিনিয়র নেতারা। নতুন মন্ত্রিসভায় নারী ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধিত্ব নিশ্চিত করার বিষয়টিও বিবেচনায় রাখা হচ্ছে বলে জানিয়েছেন তারা।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.০২.২০২৬ আলী আহমেদ)

বিএনপির নতুন মন্ত্রিপরিষদে খলিলুর, ববি হাজ্জাজসহ জায়গা পেলেন যারা

১২ ফেব্রুয়ারির নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে দীর্ঘ ২০ বছর পর বাংলাদেশের রাষ্ট্রক্ষমতা বসলো বিএনপি। তারেক রহমানের নেতৃত্বে গঠিত প্রথম মন্ত্রিসভায় নবীন-প্রবীণ মিলিয়ে ৪৯ জন সদস্য শপথ নিয়েছেন। এর মধ্যে ২৫ জনকে পূর্ণমন্ত্রী এবং ২৪ জনকে প্রতিমন্ত্রী করা হয়েছে। তবে নতুন মন্ত্রিসভার সদস্যরা কে কোন মন্ত্রণালয়ের দায়িত্ব পেতে যাচ্ছেন, সেটা এখনও নিশ্চিত করে জানানো হয়নি। নির্বাচিত সংসদ সদস্যদের বাইরে এবারের মন্ত্রিসভায় তিনজন টেকনোক্রোট মন্ত্রী-প্রতিমন্ত্রী রয়েছেন। তাদের মধ্যে সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানের নামও রয়েছে, যা নিয়ে সামাজিক মাধ্যমসহ বিভিন্ন মহলে ব্যাপক আলোচনা-সমালোচনা হতে দেখা যাচ্ছে। দীর্ঘদিনের রীতি ভেঙে মঙ্গলবার বঙ্গভবনের বাইরে মন্ত্রিসভার শপথ অনুষ্ঠান আয়োজন করা হয়। এদিন বিকেলে দেশের ইতিহাসে প্রথমবারের মতো জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় নতুন মন্ত্রী-প্রতিমন্ত্রীরা শপথ নেন। দেশের নতুন প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানকে প্রথমে শপথ বাক্য পাঠ করান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। এরপর মন্ত্রী ও প্রতিমন্ত্রীদেরকেও তাদের দায়িত্ব ও রাষ্ট্রীয় গোপনীয়তা রক্ষার বিষয়ে দুটি করে শপথ পড়ানো হয়।

নতুন মন্ত্রিসভায় রাখা হচ্ছে

এছাড়া বিএনপি জোটের অংশ নিয়ে নির্বাচিত গণসংহতি আন্দোলনের নেতা জোনায়েদ সাকি, (বিএনপি), গণঅধিকার পরিষদের নুরুল হক নুর এবং নির্বাচনের আগে বিএনপিতে যোগ দেওয়া ববি হাজ্জাজ ডাক পেয়েছেন বলে জানা যাচ্ছে। এর বাইরে, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানকে বিএনপি সরকারের নতুন মন্ত্রিসভায় রাখা হচ্ছে। খলিলুর রহমানের ঘনিষ্ঠ একটি সূত্র এই তথ্য নিশ্চিত করেছে। তাকে পররাষ্ট্রমন্ত্রী করা হতে পারে বলেও জানিয়েছে সূত্রটি। মি. রহমান ২০২৪ সালের নভেম্বরে প্রধান উপদেষ্টার রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলি সংক্রান্ত হাই রিপ্রেজেন্টেটিভ হিসেবে নিয়োগ পান। পরে ২০২৫ সালের এপ্রিলে তাকে প্রধান উপদেষ্টার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা করা হয়। সম্প্রতি যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি করার ক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। (বিবিসি ওয়েব পেজ : ১৭.০২.২০২৬ আলী আহমেদ)

আকাশবাণী কলকাতা

বাংলাদেশে নির্বাচিত সংসদ সদস্যদের শপথ গ্রহণ করেছেন

বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি বিএনপির নবনির্বাচিত সংসদ সদস্যরা আজ সকালেই জাতীয় সংসদে শপথ গ্রহণ করেন। তবে তারা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেননি। স্থানীয় একটি শীর্ষ দৈনিক ডেইলি স্টার এই খবর জানিয়েছে। জাতীয় সংসদের স্পিকার এবং ডেপুটি স্পিকারের পদ বর্তমানে শূন্য থাকায় সংবিধান অনুসারে সকাল ১০টা ৪৩ মিনিটে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানের শুরুতেই বিএনপি নেতা সালাউদ্দিন আহমেদ বলেন, দলীয় প্রধান তারেক রহমানের নির্দেশেই বিএনপির নির্বাচিত সংসদদের সংবিধান সংস্কার পরিষদের ফর্মে স্বাক্ষর না করতে বলা হয়েছে, কারণ তারা কাউন্সিলের সদস্য হিসেবে নির্বাচিত হননি। এদিকে, বিএনপির আইন প্রণেতারা যদি সংবিধান সংস্কার কাউন্সিলের সদস্য হিসেবে শপথ নিতে অস্বীকার করে, তাহলে বাংলাদেশে জামায়াতে ইসলামের নবনির্বাচিত সদস্যরা শপথ নেবেন না বলে আজ সকালে দলের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ আল মুহাম্মাদ তাহের জানিয়েছেন। প্রথম আলোকে দেওয়া সাক্ষাৎকারে তাহের বলেন যে, তাদের নবনির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন, কিন্তু বিএনপির সাংসদেরা সাংবিধানিক সংস্কার কাউন্সিলের শপথ গ্রহণ না করলে জামায়াতের সদস্যরা শপথ গ্রহণ করবেন না। কারণ তারা সংস্কারবিহীন সংসদকে অর্থহীন বলে মনে করেন। (আকাশবাণী কলকাতা : ১৩:৩০ ঘ, ১৭.০২.২০২৬ রুবাইয়া)

এনএইচকে

রাশিয়া ত্রিপক্ষীয় শান্তি আলোচনার পরবর্তী দফার জন্য বিস্তৃত এজেন্ডার ইঙ্গিত দিয়েছে

রাশিয়ার প্রেসিডেন্টের একজন মুখপাত্র জানিয়েছেন যে, রাশিয়া, ইউক্রেন এবং যুক্তরাষ্ট্রের মধ্যকার ত্রি-পক্ষীয় শান্তি আলোচনার পরবর্তী দফায় বিভিন্ন আঞ্চলিক সমস্যাসহ নানা বিস্তৃত বিষয় অন্তর্ভুক্ত থাকবে। সুইজারল্যান্ডের জেনেভায় মঙ্গল ও বুধবার অনুষ্ঠিতব্য ত্রিপক্ষীয় উচ্চ-পর্যায়ের আলোচনার প্রাক্কালে সোমবার দিমিত্রি পেসকভ এই মন্তব্য করেন। তিনি বলেন, রুশ প্রতিনিধিদল আঞ্চলিক এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলোর উপর আলোকপাত করে বিস্তৃত বিষয়াদি

নিম্নে আলোচনা করার পরিকল্পনা করছে। পেসকভ বলেন, প্রতিনিধিদলের নেতৃত্বে থাকবেন প্রেসিডেন্টের সহকারী জ্বাদিমির মেদিনস্কি। এতে আরও থাকবেন উপ-পররাষ্ট্রমন্ত্রী মিখাইল গালুজিন এবং সামরিক গোয়েন্দা প্রধান ইগর কোস্তিউকভ। ইউক্রেনের প্রতিনিধিদলের মধ্যে জাতীয় নিরাপত্তা ও প্রতিরক্ষা কাউন্সিলের সচিব রুস্তেম উমেরভ এবং প্রেসিডেন্ট জ্বাদিমির জেলেনস্কির চিফ অফ স্টাফ কিরিলো বুদানভ অন্তর্ভুক্ত থাকবেন বলে আশা করা হচ্ছে। এর আগের দুই দফা আলোচনা জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে আবুধাবিতে অনুষ্ঠিত হয়েছিল। প্রতিনিধিদলগুলো ইউক্রেনের নিরাপত্তা নিশ্চয়তার পাশাপাশি, পূর্ব দনবাস অঞ্চল বিষয়ে আলোচনা করেছে বলে ধারণা করা হচ্ছে। মস্কো বলছে যে, ইউক্রেনীয় বাহিনীকে দনবাস প্রত্যাহার করতে হবে, যাকে রাশিয়া একটি দখলকৃত অঞ্চল হিসেবে দাবি করে থাকে। আবুধাবি আলোচনায় শান্তি চুক্তির দিকে কোনও অগ্রগতি হয়েছে কিনা তা এখনও স্পষ্ট নয়।
(এনএইচকে ওয়েবপেইজ: ১৭.০২.২৬ রনি)

ডয়চে ভেলে

শেখ হাসিনার ভারতে অবস্থান নিয়ে যা বললেন মির্জা ফখরুল

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখনো ভারতে অবস্থান করছেন। বিএনপি-র নেতৃত্বে বাংলাদেশে যে নতুন সরকার গঠন হতে চলেছে, এই বিষয়টিকে তারা কীভাবে দেখছে? ভারতের দয় হিন্দু পত্রিকা এই প্রশ্ন করেছিল বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে। তিনি জানিয়েছেন, কোনো 'একক' ইস্যুতে দুই দেশের সম্পর্ক আটকে থাকবে না। মির্জা ফখরুলের কথায়, "বাংলাদেশের স্বার্থে যেসব প্রকল্প রয়েছে, সেগুলো দ্রুত এগিয়ে নেওয়া হবে এবং ভারতের সঙ্গে উন্নয়ন অংশীদারিত্ব আরও জোরদার করা হবে।" বৃহৎ পরিসরে বাংলাদেশ ও ভারতের মধ্যে যে সম্পর্ক রয়েছে, তা কোনো একক ইস্যুতে 'আটকে' থাকা উচিত নয় উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, "আমি বিশ্বাস করি যে শেখ হাসিনা সত্যিই মানবাধিকারের গুরুতর লঙ্ঘন করেছেন। তাকে শাস্তি দেওয়ার বিষয়ে জনমানুষের দাবি রয়েছে। আর আমরা মনে করি, ভারত তাকে আমাদের হাতে তুলে দেবে। কিন্তু শেখ হাসিনাকে যদি বাংলাদেশের হাতে তুলে না দেওয়া হয়, তাহলে তা বাণিজ্যিক সম্পর্কসহ বৃহৎ সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে কোনো বাধা হবে না। এমনকি আমরা আরও ভালো সম্পর্ক গড়তে চাই।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রুবাইয়া)

সংসদ সদস্য হিসেবে শপথ নিলেও সংবিধান সংস্কার পরিষদের শপথ নেননি যারা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয় পাওয়া বিএনপির নির্বাচিতরা সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। তবে তারা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি। স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানাও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেননি, তবে সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। অন্যদিকে সংসদ সদস্য ও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নবনির্বাচিত প্রার্থীরা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র ছয়জন নির্বাচিত এমপিও শপথ নিয়েছেন। এমপি হিসেবে শপথ নেওয়ার পর সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নিয়েছেন তারা। আজ মঙ্গলবার বেলা পৌনে ১১টার কিছু আগে জাতীয় সংসদ ভবনের শপথক্ষেত্রে বিএনপির নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথ পড়ানো হয় বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো জানায়। শপথ পড়ান প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। অনুষ্ঠানে শপথের জন্য নবনির্বাচিত সংসদ সদস্যদের দুটি ফরম দেওয়া হয়। এর একটি ছিল সাদা রঙের, যেটি সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার ফরম। অন্যটি ছিল নীল রঙের, যেটি সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়ার ফরম।

শপথ অনুষ্ঠান শুরুর আগে কক্সবাজার-১ আসনে বিএনপির নবনির্বাচিত সংসদ সদস্য ও দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ শপথক্ষেত্রে উপস্থিত দলীয় সংসদ সদস্যদের উদ্দেশে একটি নির্দেশনা দেন। নির্দেশনায় সালাহউদ্দিন আহমদ জানিয়ে দেন, তারা সংবিধান অনুযায়ী সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। সংবিধান সংস্কার পরিষদের সদস্য নির্বাচিত হননি। সালাহউদ্দিন আহমদ বলেন, গণভোটের রায় অনুযায়ী সংবিধান সংস্কার হলে, সংবিধানের তৃতীয় তফসিলে সংবিধান সংস্কার পরিষদের সদস্যদের শপথের ফরম যুক্ত হলে, কে এই শপথ পড়ান তা নির্ধারিত হলে, তখন সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়া যাবে। তিনি দলের চেয়ারম্যান তারেক রহমানের সিদ্ধান্ত অনুযায়ী এই নির্দেশনা দিচ্ছেন বলে সহকর্মীদের জানান। শপথ গ্রহণ শেষে বিএনপির নির্বাচিত প্রার্থীরা সংসদ সদস্যের শপথপত্রে সই করেন। এরপর বিএনপির সংসদ সদস্যদের শপথ অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করেন সংসদ সচিবালয়ের সচিব কানিজ মওলা। আজ মঙ্গলবার সকালে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের প্রথম আলোকে বলেছিলেন, বিএনপির সংসদ সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ না নিলে জামায়াতের নবনির্বাচিত সংসদ সদস্যরা কোনো শপথই নেবেন না। কারণ, তারা মনে করেন, সংস্কারবিহীন সংসদ অর্থহীন। কিন্তু শেষ পর্যন্ত জামায়াতের নবনির্বাচিত সংসদ সদস্যরা শপথ নিয়েছেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রুবাইয়া)

জাগো নিউজ

দেশের ১১তম প্রধানমন্ত্রী হলেন তারেক রহমান

দেশের ১১তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তার দল বিএনপি দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পায়। মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নতুন প্রধানমন্ত্রীর শপথবাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠান সম্বলনা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

তারেক রহমান সংসদ নেতা ও প্রধানমন্ত্রী

তারেক রহমানকে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী নির্বাচিত করেছে বিএনপির সংসদীয় দল। মঙ্গলবার জাতীয় সংসদে আয়োজিত বিএনপি দলীয় সংসদ সদস্যদের শপথ অনুষ্ঠানের পর সংসদেই বৈঠকে তারা নির্বাচন করেন। বৈঠকের পর বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সাংবাদিকদের এ কথা জানান। তিনি বলেন, “এটা একটি ঐতিহাসিক মুহূর্ত। দীর্ঘ ফ্যাসিস্ট সরকারের নির্যাতন-নিপীড়ন, গণতন্ত্রকে ধ্বংস ও সংসদকে অকার্যকর করা, এই পর্বের পর জনগণের অনেক রক্তের বিনিময়ে একটি সুষ্ঠু নির্বাচনের মধ্যদিয়ে আমরা একটি সংসদ পেয়েছি। এই সংসদের মধ্যদিয়ে আমরা সংখ্যাগরিষ্ঠ আসন নিয়ে আমাদের তরুণ নেতা তারেক রহমানকে সংসদীয় দলের নেতা নির্বাচিত করেছি।” (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

প্রধান উপদেষ্টার সঙ্গে নৌ ও বিমানবাহিনী প্রধানের সাক্ষাৎ

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের সঙ্গে সাক্ষাৎ করেছেন নৌবাহিনীর প্রধান রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান। মঙ্গলবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন তারা। প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার এ তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

তারেক রহমানকে প্রধানমন্ত্রী নিয়োগ দিয়ে গেজেট প্রকাশ

বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে প্রধানমন্ত্রী নিয়োগ দিয়ে গেজেট প্রকাশ করেছে সরকার। এর আগে, এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয়, সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী, রাষ্ট্রপতি মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) তারেক রহমানকে বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী পদে নিয়োগদান করেছেন। অপর প্রজ্ঞাপনে জানানো হয়, রাষ্ট্রপতি সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুযায়ী, ত্রয়োদশ জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন সংসদ-সদস্য তারেক রহমানকে প্রধানমন্ত্রী পদে নিয়োগের সিদ্ধান্ত প্রদান করেছেন এবং তার নেতৃত্বে নতুন সরকার গঠনের জন্য সম্মতি জ্ঞাপন করেছেন। নতুন সরকার গঠনের সঙ্গে সঙ্গে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদ ভেঙে গেছে বলে গণ্য হবে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়লাভ করে মঙ্গলবার বিকেলে সরকার গঠন করেছে বিএনপি। ৫০ সদস্য বিশিষ্ট মন্ত্রিসভায় ২৫ জন মন্ত্রী ২৪ জন প্রতিমন্ত্রী রয়েছেন। এর মাধ্যমে ২০ বছর পর চতুর্থবারের মতো সরকার গঠন করলো বিএনপি। প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হলেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

প্রধানমন্ত্রীকে মোদীর চিঠি, দ্রুত সময়ের মধ্যে দিল্লি সফরের আমন্ত্রণ

বাংলাদেশের নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাঠানো চিঠি হস্তান্তর করেছেন দেশটির লোকসভার স্পিকার ওম বিড়লা। চিঠিতে শুভেচ্ছা জানানোর পাশাপাশি, তারেক রহমানকে সুবিধাজনক ও যত দ্রুত সম্ভব ভারত সফরের আমন্ত্রণ জানিয়েছেন মোদী। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) সন্ধ্যায় তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান ওম বিড়লা। পোস্টে তিনি লেখেন, বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে একটি গঠনমূলক বৈঠক শেষ করেছেন তিনি। এসময় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পক্ষ থেকে পাঠানো একটি ব্যক্তিগত চিঠি তারেক রহমানের কাছে হস্তান্তর করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

ভারতের সঙ্গে শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্কের আশা জামায়াত আমিরের

ভারতের সঙ্গে শক্তিশালী দ্বিপাক্ষিক সম্পর্কের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) রাজধানীতে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন। রাতে ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, বাংলাদেশের নতুন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানের অবকাশে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্র বাংলাদেশের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

প্রধানমন্ত্রী তারেক রহমানের পিএস-এপিএস-প্রোটোকল অফিসার নিয়োগ

প্রধানমন্ত্রী তারেক রহমানের একান্ত সচিব-১, সহকারী একান্ত সচিব-১ এবং প্রোটোকল অফিসার নিয়োগ দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) এ নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মিয়া মুহাম্মদ আশরাফ রেজা ফরিদীকে প্রধানমন্ত্রীর একান্ত সচিব (পিএস)-১ হিসেবে নিয়োগ করা হয়। প্রধানমন্ত্রী যতদিন প্রধানমন্ত্রীর পদ অলংকৃত করবেন বা মিয়া মুহাম্মদ আশরাফ রেজা ফরিদীকে তার একান্ত সচিব-১ পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন, ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে। এছাড়া, প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মোহাম্মদ মামুন শিবলীকে প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব (এপিএস)-১ নিয়োগ করা হয়। প্রধানমন্ত্রী যতদিন প্রধানমন্ত্রীর পদ অলংকৃত করবেন বা মোহাম্মদ মামুন শিবলীকে তার সহকারী একান্ত সচিব পদে বহাল রাখার অভিপ্রায় পোষণ করবেন, ততদিন এ নিয়োগ আদেশ কার্যকর থাকবে। একইসঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মো. উজ্জ্বল হোসেনকে প্রধানমন্ত্রীর প্রোটোকল অফিসার-১ নিয়োগ দেওয়া হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট

গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা চ্যালেঞ্জ ও ১৩ ফেব্রুয়ারি ঘোষিত গণভোটের ফল বাতিল চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রিটে প্রধান নির্বাচন কমিশনার, মন্ত্রিপরিষদ সচিব, আইন মন্ত্রণালয়ের সচিবকে বিবাদী করা হয়েছে। মঙ্গলবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম আতাউল মজিদ তৌহিদ জনস্বার্থে এ রিট দায়ের করেন। তিনি বলেন, আগামী সপ্তাহে বিচারপতি ফাতেমা নজীবের নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে রিটের শুনানি হতে পারে। রিটে উল্লেখ করা হয়, গণভোট প্রক্রিয়ায় বিভিন্ন ধরনের অনিয়ম ও বিধি লঙ্ঘন হয়েছে। এসব কারণে গণভোটের ফলাফল যথাযথ ও বৈধ নয় বলে দাবি করা হয়। রিটকারীর দাবি, হাইকোর্ট যেন গণভোটের ফলাফল বাতিল করে দেন এবং নির্বাচনি প্রক্রিয়াকে পুনর্বিবেচনার নির্দেশ দেন। আইনজীবী তৌহিদ বলেন, রাজনৈতিক ও সামাজিক স্বার্থে এ রিট দায়ের করা হয়েছে। জনগণের সুষ্ঠু ও ন্যায্য গণভোটের অধিকার সুরক্ষিত রাখতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, গণভোট প্রক্রিয়া যদি অনিয়মমুক্ত না হয়, তবে তার ফলাফলও বৈধ বলে গণ্য হতে পারে না। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

দুটো শপথই নিলেন জামায়াতের নবনির্বাচিত এমপিরা

দুটো শপথই নিয়েছেন জামায়াতে ইসলামীর নবনির্বাচিত সংসদ সদস্যরা। তাদের শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের নবনির্বাচিত সংসদ সদস্যদের শপথগ্রহণ অনুষ্ঠিত হলো আজ। একইসঙ্গে মন্ত্রীদেও শপথগ্রহণ হচ্ছে বিকেলে। সকালে রেওয়াজ অনুযায়ী, সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে বিএনপির সংসদ সদস্যদের শপথ আগে পড়ানো হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

বিরোধীদলীয় নেতা শফিকুর, উপনেতা তাহের, চিফ হুইপ নাহিদ

ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা হিসেবে জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান ও উপনেতা হিসেবে দলটির নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের দায়িত্ব পালন করবেন। এছাড়া, বিরোধীদলীয় চিফ হুইপের দায়িত্বে থাকবেন জাতীয় নাগরিক পার্টি এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার সংসদ সদস্যদের শপথ শেষে সংসদীয় দলের সভায় এ সিদ্ধান্ত হয়েছে। পরে জামায়াতের পক্ষ থেকে বিষয়টি জানানো হয়। এদিন দুপুর সাড়ে ১২টার দিকে জামায়াতের সংসদ সদস্যরা শপথ নেন। পরে শপথ নেন এনসিপির সংসদ সদস্যরা। জামায়াত ও এনসিপিসহ ১১-দলীয় নির্বাচনি ঐক্যের সংসদ সদস্যরা এদিন সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই-তৃতীয়াংশের বেশি আসনে জয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করেছে বিএনপি। মঙ্গলবার সকালে বিএনপির সংসদ সদস্যরা শপথ নেন। বিকেলে দলের মন্ত্রিসভার শপথ অনুষ্ঠিত হয়। তবে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেয়নি বিএনপি।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

বুধবার সচিবালয়ে অফিস করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান

আগামীকাল বুধবার সচিবালয়ে অফিস করবেন নতুন সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমান। শপথ নেওয়ার পরদিন সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করবেন তিনি। এরপর মন্ত্রিসভার বিশেষ বৈঠক এবং সচিবদের সঙ্গে মতবিনিময় করবেন। মঙ্গলবার মন্ত্রিপরিষদ বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। নতুন প্রধানমন্ত্রীর প্রথম অফিস করাকে কেন্দ্র করে মঙ্গলবার দুপুর থেকেই ব্যস্ত সময় পার করছেন মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা। তৃতীয় তলায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলছে। নতুন প্রধানমন্ত্রীর জন্য তার কক্ষটি প্রস্তুত করা হচ্ছে। মুছে পরিষ্কার করা হচ্ছে আসবাবপত্র, দেওয়াল ও মেঝে। এ ফ্লোরে থাকা মন্ত্রিসভা বৈঠকের জন্য মন্ত্রিপরিষদ কক্ষটিও প্রস্তুত করা হচ্ছে। এ ভবনটি তৈরির পর এ ফ্লোরটি বলতে গেলে অব্যবহৃতই ছিল।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

রাষ্ট্রপতি সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী তারেক রহমানের শুভেচ্ছা বিনিময়

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। সাক্ষাতে তারা ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) জাতীয় সংসদ ভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় মন্ত্রিসভার কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

তিন সরকারের শপথ পড়িয়ে ইতিহাস গড়লেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বর্তমান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। মাত্র তিন বছরের ব্যবধানে তিনি তিনটি ভিন্ন ভিন্ন সরকারকে শপথ পড়ালেন। মঙ্গলবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন নতুন প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানকে শপথবাক্য পাঠ করান। একইসঙ্গে তারেক রহমানের নেতৃত্বে তার সরকারের মন্ত্রী-প্রতিমন্ত্রীদেরও শপথ পড়ালেন তিনি। এর আগে, ২০২৪ সালে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের শপথ পাঠ করান রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। তবে ছাত্র-জনতার অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। ওই বছরের ৮ আগস্ট নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠন করা হয়। ওই সরকারেরও শপথ পাঠ পড়ান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন। সাধারণত একজন রাষ্ট্রপতি তার মেয়াদে এক বা দু-বার মন্ত্রিসভার শপথ পড়ান, কিন্তু তিন বছরে তিনটি আলাদা সরকারের শপথ পড়ানোর মাধ্যমে এক নতুন ইতিহাস সৃষ্টি করলেন রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিলেন ২৪ জন

নতুন সরকারের প্রতিমন্ত্রী হিসেবে ২৪ জন শপথ নিয়েছেন। মঙ্গলবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় এ শপথ অনুষ্ঠান হয়। বিকেল ৪টার পর মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণির সঞ্চালনায় এই শপথ অনুষ্ঠান শুরু হয় পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে। প্রথমে প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমান শপথ নেন। এরপর ২৫ জন মন্ত্রী এবং পরে ২৪ জন প্রতিমন্ত্রী শপথ নেন। প্রতিমন্ত্রী হিসেবে যারা শপথ নিয়েছেন তারা হলেন- এম রশিদুজ্জামান মিল্লাত, অনিন্দ্য ইসলাম অমিত, মো. শরিফুল আলম, শামা ওবায়দে ইসলাম, সুলতান সালাউদ্দিন টুকু, ব্যারিস্টার কায়সার কামাল, ফরহাদ হোসেন আজাদ, মীর মোহাম্মদ হেলাল উদ্দিন, হাবিবুর রশিদ, মো. রাজিব আহসান, মো. আব্দুল বারী, মীর শাহে আলম, মো. জুনায়েদ আব্দুর রহিম সাকি, ইশরাক হোসেন, ফারজানা শারমিন, শেখ ফরিদুল ইসলাম, মো. নূরুল হক নূর, ইয়াসের খান চৌধুরী, এম ইকবাল হোসেইন, এম এ মুহিত, আহম্মদ সোহেল মঞ্জুর, ববি হাজ্জাজ ও আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ আসাদ)

বিডার আশিক চৌধুরী কি নতুন সরকারের কোনো দায়িত্ব পাচ্ছেন?

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী নতুন সরকারের গুরুত্বপূর্ণ কোনো পদে দায়িত্ব পাচ্ছেন কি না- এমন আলোচনা এখন রাজনৈতিক ও প্রশাসনিক অঙ্গনে। সদ্য সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তাকে বিদেশ থেকে এনে গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োগ দেন। দায়িত্ব পালনকালে আশিক চৌধুরী বৈশ্বিক বিনিয়োগ আকর্ষণে বিভিন্ন উদ্যোগ নিয়ে ইতিবাচক ভূমিকা রাখেন। সংশ্লিষ্টরা মনে করছেন, আশিক চৌধুরীর নেওয়া পদক্ষেপগুলোর ধারাবাহিকতা বজায় থাকলে, আগামী কয়েক বছরে বিভিন্ন খাতে বিনিয়োগ বাড়তে পারে, যা অর্থনীতির জন্য লাভজনক হবে। অন্তর্বর্তী সরকারের মেয়াদ শেষে নতুন নির্বাচিত সরকারের প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদের সদস্য ও সংসদ সদস্যরা আজ শপথ নিয়েছেন। এরই মধ্যে বহুল আলোচিত এই ব্যক্তিকে ঘিরে নানান গুঞ্জন শোনা যাচ্ছে। কেউ কেউ বলছেন, তিনি বিদেশে ফিরে যাবেন, আবার কেউ দাবি করছেন নতুন সরকারের অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় তাকে পাশে চাইছেন বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। নির্ভরযোগ্য ও দায়িত্বশীল সূত্র জানায়, প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে আশিক চৌধুরীর অনানুষ্ঠানিক আলোচনা এরই মধ্যে শুরু হয়েছে। আগামী দু-একদিনের মধ্যে নতুন প্রধানমন্ত্রীর সঙ্গে তার আনুষ্ঠানিক বৈঠক হওয়ার সম্ভাবনাও রয়েছে। আলোচনায় সমঝোতা হলে তাকে নতুন মন্ত্রিসভায় কিংবা অন্য কোনো গুরুত্বপূর্ণ পদে দেখা যেতে পারে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় নতুন সরকারের শপথ অনুষ্ঠান শেষে জাগো নিউজের সঙ্গে কথা হয় আশিক চৌধুরীর। তিনি তারেক রহমানের সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনার কথা স্বীকার করেন। সবকিছু ঠিক থাকলে নতুন দায়িত্ব নিয়ে দেশেই থাকার ইঙ্গিত দেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

হানি ট্র্যাপে ফেলে ১০ লাখ টাকা আদায়, দুই নারীসহ গ্রেফতার ১২

রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমভিত্তিক ‘হানিট্র্যাপ’ চক্রের দুই নারীসহ ১২ সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ওয়ারী বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মল্লিক আহসান উদ্দীন সামি। ডিসি মল্লিক আহসান বলেন, ১১ জানুয়ারি ভোরে সায়েদাবাদ জনপদ মোড় এলাকা থেকে চক্রের সদস্যরা দুই ব্যক্তিকে অপহরণ করে যাত্রাবাড়ির মাতুয়াইল কবরস্থান রোডের একটি বাসায় নিয়ে যান। সেখানে তাদের মারধর করে

দুই নারীর সঙ্গে আপত্তিকর ছবি তোলেন এবং ১০ লাখ টাকা চাঁদা দাবি করেন। ভুক্তভোগীদের কাছ থেকে নগদ ৪৮ হাজার টাকা, দুই ভরি ওজনের রুপার চেইন, একটি হিরার আংটি এবং বিকাশ ও ডেবিট কার্ড ব্যবহার করে এটিএম বুথ থেকে মোট ৫ লাখ ৩১ হাজার ৫০০ টাকা আদায় করার পর তাদের ছেড়ে দেওয়া হয়। এ ঘটনায় ১৩ জানুয়ারি যাত্রাবাড়ি থানায় মামলা দায়ের করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

রমজানে নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে রাখার আহ্বান জামায়াত আমিরের

মাহে রমাদানে নিত্যপ্রয়োজনীয় সব পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার আহ্বান জানিয়েছেন জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। তিনি রমজানের পবিত্রতা বজায় রাখার আহ্বান জানান। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) ডা. শফিকুর রহমান এক বিবৃতিতে এই আহ্বান জানান। বিবৃতিতে তিনি বলেন, মাহে রমজান রহমত, মাগফেরাত ও নাজাতের সওগাত নিয়ে আমাদের মধ্যে সমাগত। এ মাসের শেষ ১০ দিনের মধ্যে রয়েছে পবিত্র লাইলাতুল কদর নামে একটি বরকতময় মহিমাবিত রাত, যা হাজার মাসের চেয়েও উত্তম। এই মাস তাকওয়া, সহনশীলতা চর্চা ও পরস্পরের প্রতি সহানুভূতি প্রদর্শনের মাস। তিনি আরও বলেন, ১২ ফেব্রুয়ারি দেশে ফ্যাসিবাদমুক্ত পরিবেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হয়েছে। দীর্ঘ সাড়ে ১৫ বছরের জগদল পাথরের মতো চেপে বসা জুলুম-নির্যাতনের অবসান ঘটিয়ে জাতি গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে। এমতাবস্থায়, দেশের নাগরিকরা মৌলিক মানবাধিকারসহ সব ন্যায়সংগত অধিকার পুনরুদ্ধারের প্রত্যাশা করছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

অভিজ্ঞ-তরুণ নেতৃত্বের সমন্বয়ে কার্যকরী মন্ত্রিসভা

নবগঠিত ৫০ সদস্যের মন্ত্রিসভা তারুণ্য ও অভিজ্ঞতার একটি সুষম সমন্বয়। দেশের জন্য এটি একটি গতিশীল নেতৃত্বের প্রতিচ্ছবি তুলে ধরে। নবীন-প্রবীণের সম্মিলিত জ্ঞান, উদ্যম ও বাস্তব অভিজ্ঞতা সুশাসনকে আরও শক্তিশালী করবে। দেশকে টেকসই অগ্রগতি ও উন্নয়নের পথে এগিয়ে নিতে সহায়ক হবে। ব্যবসায়ী, অর্থনীতিবিদ, কূটনীতিক ও জনপ্রশাসন বিশেষজ্ঞরা প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন মন্ত্রিসভা নিয়ে এ মন্তব্য করেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করেছে। এই বিশাল বিজয়ের পর মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) তারেক রহমানের নেতৃত্বে বিএনপি ৫০ সদস্যের নতুন মন্ত্রিসভা গঠন করেছে। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন তারেক রহমান। কেমন হলো দুই দশক পর সরকার গঠনের সুযোগ পাওয়া বিএনপির মন্ত্রিসভা? এটা নিয়ে সব মহলে চলছে আলোচনা। পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ও সিইও মাসরুর রিয়াজ জাগো নিউজকে বলেন, নতুন গঠিত মন্ত্রিসভাকে যথেষ্ট সম্ভাবনাময় ও ভারসাম্যপূর্ণ বলে মনে হচ্ছে। এই মন্ত্রিসভায় একদিকে রাষ্ট্র পরিচালনা ও প্রশাসনিক কাজের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে, অন্যদিকে এমন কিছু ব্যক্তি রয়েছেন যারা জনপ্রতিনিধি হিসেবে বহুবার জনগণের সঙ্গে সরাসরি কাজ করেছেন। ফলে নীতি-নির্ধারণের ক্ষেত্রে জনগণের প্রত্যাশা ও আর্থ-সামাজিক বাস্তবতার মধ্যে কার্যকর সংযোগ স্থাপন সহজ হবে বলে আশা করা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

ওবায়দুল কাদেরসহ সাতজনের বিরুদ্ধে প্রথম সাক্ষীর জবানবন্দি পেশ

জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় পতিত আওয়ামী লীগ সরকারের মন্ত্রী ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের প্রথম সাক্ষীর জবানবন্দি গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) হাইকোর্টের বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ প্রসিকিউশনের প্রথম সাক্ষী এম এ রাজ্জাক জবানবন্দি দেন। জবানবন্দি গ্রহণ অসমাপ্ত অবস্থায় শুনানি আগামীকাল বুধবার (১৮ ফেব্রুয়ারি) পর্যন্ত মূলতবি করা হয়েছে। এর আগে, প্রসিকিউশনের পক্ষ থেকে মামলার উদ্‌বোধনী বক্তব্য লিখিতভাবে আদালতে উপস্থাপন করেন প্রসিকিউটর মিজানুল ইসলাম। সাক্ষী এম এ রাজ্জাক এক সময় চাকরি করলেও বর্তমানে অবসর জীবনযাপন করছেন। তার এক ছেলে ও এক মেয়ে। ২০২৪ সালের ১৯ জুলাই তার ছেলে মো. আসিফ ইকবাল আন্দোলনে শহিদ হন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

মানিক মিয়া অ্যাভিনিউয়ে চলছে ‘সবার আগে বাংলাদেশ’ কনসার্ট

দেশের নতুন প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সংসদ সদস্যদের (এমপি) শপথ গ্রহণকে স্মরণীয় করে রাখতে জাতীয় সংসদ ভবনের সামনে মানিক মিয়া অ্যাভিনিউয়ে কনসার্টের আয়োজন করা হয়েছে। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) সন্ধ্যায় এই কনসার্ট শুরু হয়। ‘সবার আগে বাংলাদেশ’ ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত এই কনসার্ট উপভোগ করতে সংসদ ভবন এলাকায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের ভিড় দেখা গেছে। সন্ধ্যা ৭টার দিকে শুরু হওয়া কনসার্টে প্রথমে গান পরিবেশন করেন সংগীতশিল্পী বেবী নাজনীন। মঞ্চে উঠে তিনি প্রথমেই দেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানান। কনসার্টে দেশবরেণ্য আরও বেশ কিছু শিল্পীর গান পরিবেশনের কথা রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

এখন ঘরে শান্তিতে ঘুমাতে পারবেন, কেউ গুম করে নিয়ে যাবে না

এখন মানুষ শান্তিতে ঘরে ঘুমাতে পারবে, কেউ গুম করে নিয়ে যাবে না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ (বীর বিক্রম)। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় মন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এ মন্তব্য করেন। হাফিজ উদ্দিন আহমেদ বলেন, “এখন ঘরের মধ্যে শান্তিতে ঘুমাতে পারবেন। আপনাদের কেউ গুম করে নিয়ে যাবে না। গভীর রাতে ঠকঠক করে এসে ডেকে নিয়ে যাবে না। সকাল বেলা পেট কেটে সিমেন্টের ব্যাগ ভরে নদীতে ভাসিয়ে দেবে না। এই আনন্দেই থাকেন সবাই।” তিনি বলেন, বাংলাদেশে যে মাফিয়াতন্ত্র নেই, শেখ হাসিনা বিদায় হয়েছে, এটাই পরম প্রাপ্তি। হাফিজ উদ্দিন বলেন, বিএনপি ভদ্রলোকের দল। আমরা কখনই আওয়ামী লীগকে অনুসরণ করব না। আমরা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের দল। বাংলাদেশের গণতন্ত্র যাতে আর কখনই বিঘ্নিত না হয়, এই সুবাস যেন জনগণ সব সময় উপভোগ করতে পারে, আমরা সে চেষ্টা করবো। নতুন পুরাতনের মিশেলে গঠিত নতুন মন্ত্রিসভা জনগণের আশা-আকাঙ্ক্ষার বাস্তবায়ন করতে পারবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

আরও বেড়েছে রিজার্ভ

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরও বেড়েছে। বর্তমানে রিজার্ভ বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৩৪ দশমিক ৫৪ বিলিয়ন ডলারে। আর আইএমএফের নির্ধারিত বিপিএম-৬ পদ্ধতিতে হিসাব করলে রিজার্ভ দাঁড়িয়েছে প্রায় ২৯ দশমিক ৮৬ বিলিয়ন ডলারে। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য নিশ্চিত করে বলেন, মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) দিন শেষ রিজার্ভ প্রায় ৩৪.৫৪ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। এর আগে, ৯ ফেব্রুয়ারি রিজার্ভ বেড়ে দাঁড়ায় ৩৪ দশমিক ৬ বিলিয়ন ডলারে। আর আইএমএফের নির্ধারিত বিপিএম-৬ পদ্ধতিতে হিসাব করলে রিজার্ভ ছিল প্রায় ২৯ দশমিক ৮৮ বিলিয়ন ডলারে। আর ২ ফেব্রুয়ারি রিজার্ভ বেড়ে দাঁড়িয়েছিল ৩৩ দশমিক ২৫ বিলিয়ন ডলারে। আর আইএমএফের নির্ধারিত বিপিএম-৬ পদ্ধতিতে মতে রিজার্ভ বেড়ে দাঁড়ায় প্রায় ২৮ দশমিক ৭৫ বিলিয়ন ডলারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

সপরিবারে মা-বাবার কবর জিয়ারত করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর বাবা সাবেক রাষ্ট্রপতি শহিদ জিয়াউর রহমান ও মা সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার কবর জিয়ারত করেছেন তারেক রহমান। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) রাতেই পরিবারের সদস্যদের নিয়ে রাজধানীর শের-ই-বাংলা নগরে অবস্থিত জিয়া উদ্যানে যান তিনি। সেখানে বাবা-মায়ের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ, ফাতেহা পাঠ ও বিশেষ মোনাজাতে অংশ নেন। জিয়ারতের সময় উপস্থিত ছিলেন তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমান, মেয়ে ব্যারিস্টার জাইমা রহমান ও তারেক রহমানের ছোট ভাই প্রয়াত আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শামিলা রহমান সিঁথি। এসময় কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে একাধিক বিদেশি মন্ত্রীর সাক্ষাৎ

নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন একাধিক বিদেশি মন্ত্রী। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) জাতীয় সংসদ ভবনে পৃথক বৈঠকে তারা প্রধানমন্ত্রীর সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে প্রথমে সাক্ষাৎ করেন শ্রীলঙ্কার স্বাস্থ্য ও গণমাধ্যম মন্ত্রী নালিন্দা জয়াতিষা। এরপর সাক্ষাৎ করেন নেপালের পররাষ্ট্রমন্ত্রী বাল্য নন্দা শর্মা। এছাড়া, প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন পাকিস্তানের পরিকল্পনা, উন্নয়ন ও বিশেষ উদ্যোগবিষয়ক মন্ত্রী আহসান ইকবাল চৌধুরী। বিএনপির মিডিয়া সেলের পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

গণতান্ত্রিক উত্তরণের প্রথম দিনেই বিএনপি জনরায় উপেক্ষা করলো

সংবিধান সংস্কার পরিষদের শপথ না নিয়ে, গণতান্ত্রিক উত্তরণের প্রথম দিনেই বিএনপি জনরায় উপেক্ষা করার খরাপ দৃষ্টান্ত তৈরি করলো বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের যুগ্ম মহাসচিব ও দলীয় মুখপাত্র মওলানা গাজী আতাউর রহমান। মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৭.০২.২০২৬ রিহাব)

BBC

TARIQUE RAHMAN SWORN IN AS NEW BANGLADESH PRIME MINISTER

Tarique Rahman has been sworn in as the new prime minister, days after his party swept the first vote since the 2024 student-led uprising that expelled the then-leader, Sheikh Hasina. "I will faithfully discharge the duties of the office of prime minister of the government in accordance with the law," he said on Tuesday, sworn in by President Mohammed Shahabuddin, in a televised ceremony held outside the parliament building in the capital, Dhaka. The Bangladesh Nationalist Party (BNP) secured more than a two-thirds majority in

last week's elections. Earlier, inside the parliament's oath room, lawmakers pledged loyalty to Bangladesh as they were sworn in by Chief Election Commissioner AMM Nasir Uddin. Foreign dignitaries, including the Pakistani foreign minister and the speaker of the Indian Parliament, were in attendance. Cabinet members were also slated to be sworn in on Tuesday. Despite tight security, hundreds of people gathered outside the grounds throughout the day, awaiting the proceedings. The BNP and its allies won at least 212 seats. Elections were held in 299 constituencies in the 350-seat parliament, giving it a strong majority, while the Jamaat-e-Islami and its allies won 77 seats. Hasina's Awami League was banned from participating. Rahman is taking over from an interim government that led the country for 18 months after Hasina's ousting. (BBC News Web Page: 17/02/26, FARUK)

NEW NUCLEAR TALKS BETWEEN US AND IRAN BEGIN IN GENEVA

A second round of talks between Iran and the United States, aimed at resolving their dispute over Tehran's nuclear programme, have begun in the Swiss city of Geneva. The indirect discussions follow repeated military threats against Iran over the country's deadly crackdown on anti-government protests and over its nuclear activities. Speaking to reporters abroad Air Force One ahead of the latest talks, US President Donald Trump said he believed Iran wanted to make a deal. The foreign ministry in Tehran, meanwhile, said it believed that the US position on the nuclear issue had moved towards "a more realistic one".

(BBC News Web Page: 17/02/26, FARUK)

THIRD ROUND OF RUSSIA-UKRAINE TALKS TO TAKE PLACE AS STRIKES CONTINUE

Russian and Ukrainian delegations are set to meet in Geneva for the latest round of US-brokered talks, a week before the fourth anniversary of Moscow's full-scale invasion of Ukraine. Expectations for a breakthrough remain low, as Moscow has not wavered from its maximalist demands for Ukrainian territory. Russia's strikes on Ukrainian are continuing on a nightly basis, further damaging the country's already battered power grid as subzero temperatures continue. Hours before the delegations met in Switzerland, Moscow carried out a large combined aerial attack on Ukraine, hitting 12 regions with 400 drones and almost 30 missiles. At least three people were killed. (BBC News Web Page: 17/02/26, FARUK)

US BUILD-UP OF WARSHIPS AND FIGHTER JETS TRACKED NEAR IRAN

BBC Verify has confirmed the location of US aircraft carrier the USS Abraham Lincoln near Iran using satellite imagery, as Washington continues to put pressure on the country over its military programme and recent deadly crackdown on protesters. US and Iranian officials are set to meet in Switzerland on Tuesday for a second round of talks. Iran says the meeting will focus on its nuclear programme and the potential lifting of economic sanctions imposed by the US. Washington has previously indicated it wants to discuss other issues as well. The Abraham Lincoln, which leads a strike group with three guided missile destroyers, carries 90 aircraft including F35 fighters, and 5,680 crew, was reportedly deployed to the Gulf region in late January but has not been seen in satellite imagery until now. It has been located off the coast of Oman, around 700km from Iran. (BBC News Web Page: 17/02/26, FARUK)

FIVE YOUNG PEOPLE DIE IN SPAIN APARTMENT BLOCK FIRE

Five young people have died in a fire that broke out in a storage space in a residential block of flats in north-east Spain. Residents raised the alarm about the fire in a five-storey building in the small town of Manlleu, about 80km north of Barcelona, shortly after 21:00 local time on Monday, Catalonia's fire brigade said. Four other people were slightly hurt in the blaze. The identities of those who died is not yet known but reports said they include children and none of them lived in the building. (BBC News Web Page: 17/02/26, FARUK)

GHANA TOMATO TRADERS AMONG DEAD IN BURKINA FASO ATTACK

Reports say at least 20 people were killed on Saturday in the northern town of Titao, Burkina Faso, in attacks claimed by JNIM - an Islamist militant group linked to al-Qaeda. Among the dead were seven Ghanaians "burnt beyond recognition" who have yet to be identified, said Ghana's Interior Minister Mohammed Muntaka Mubarak. They were part of a team of tomato traders on a supply lorry targeted by the jihadists. Road access to the area remains blocked, according to Ghanaian officials trying to evacuate other citizens who survived, making it

impossible for embassy staff to visit the area. A spate of Islamist attacks have taken place in northern and eastern Burkina Faso in the past four days.

(BBC News Web Page: 17/02/26, FARUK)

HAMAS REJECTS NETANYAHU AIDE'S 60-DAY ULTIMATUM FOR GROUP TO DISARM

Hamas has rejected remarks by an Israeli government official calling for the Gaza-based group to disarm in 60 days and threatening to resume Israel's genocidal war if it fails to comply. Senior Hamas official Mahmoud Mardawi told the BBC on Monday that he had no knowledge of such a demand. Maedawi's comments come after Israeli Cabinet Secretary Yossi Fuchs, during a conference in Jerusalem on Monday, threatened to renew the genocidal war on Gaza if Hamas failed to disarm in 60 days, local media outlet the Times of Israel reported. A top aide to Netanyahu, Fuchs claimed that the two-month period was requested by the United States administration. (BBC News Web Page: 17/02/26, FARUK)

MORE THAN A DOZEN KILLED IN BOMB BLASTS, GUNFIRE IN PAKISTAN'S NORTHWEST

Two bomb attacks and a gun battle between police and rebel fighters have killed more than a dozen people in north-west Pakistan. One child and 11 security personnel were killed in an attack in Bajaur district of volatile Khyber Pakhtunkhwa province on Monday, the Pakistani military said on Tuesday. Seven others, including women and children, were injured in the incident. An explosives-laden vehicle detonated while being driven towards a security checkpoint in Bajaur, local police official Zafar Khan told The Associated Press news agency, adding that a girl was killed when a nearby building collapsed due to the force of the blast. (BBC News Web Page: 17/02/26, FARUK)

LEBANON SETS FOUR MONTHS FOR SECOND PHASE OF HEZBOLLAH DISARMAMENT

Lebanon's government has said that its military will need at least four months to complete the second phase of its plan to dismantle Hezbollah's arsenals in the country's south. The announcement by Minister of Information Paul Morcos on Monday comes amid growing pressure from the United States and Israel for Hezbollah to disarm, including near-daily Israeli attacks on Lebanon. The bombings come despite Israel agreeing to a US-brokered ceasefire in 2024 to end more than a year of cross-border hostilities with Hezbollah. The conflict left the Lebanese armed group badly weakened, with much of its leadership killed. Under the ceasefire deal, Lebanon's government committed to dismantling Hezbollah's arsenal and tasked its military with drawing up a plan to do so.

(BBC News Web Page: 17/02/26, FARUK)

:: THE END ::